ঈশ্বর স্বয়ং নিজের ব্যাখ্যাকারী

আমাদের স্বর্গীয় পিতা, সকল ব্যক্তিরা কখনও যা করতে পারেন অথবা বলতে পারেন তার থেকে আপনার একটি শব্দ আমাদের কাছে অনেক বেশি অর্থবহুল হবে, কারণ লোকেরা আপনাকে দেখার জন্য অপেক্ষা করছে। আর আমরা আপনাকে ধন্যবাদ জানাই কারণ সেখানে তারা আছেন যারা প্রত্যাশা করছেন, তারা কিছু ঘটবে এমন প্রত্যাশা করছেন। আর যখন মানুষ কিছুর জন্য তৃষ্ণার্ত হয়, গভীরতা গভীরতাকে আহ্বান করে, সেই আহ্বানে সাড়া দেওয়ার জন্য সেখানে একটি গভীরতা থাকতে হবে। সেই জন্য আমরা আজ রাতে এখানে আছি, কারণ এটা এই সেবকদের হৃদয়ে, আর লোকদের হৃদয়ে ছিল, আপনার অনুগ্রহ এবং আশীর্বাদ প্রার্থনা করতে আমাদের একত্রিত করার জন্য, এই বিশ্বাস করি যে আপনি অসুস্থদের সুস্থ করবেন এবং হারানোদের রক্ষা করবেন, আর আপনার বাক্য প্রকাশ করবেন।

2 আর আমরা প্রার্থনা করি, স্বর্গীয় পিতা, আপনি আমাদের এটা প্রদান করবেন যখন আমরা নম্রভাবে আপনার জন্য রাতের পর রাত অপেক্ষা করি। হতে দিন সেখানে যেন এমনভাবে—এমনভাবে পবিত্র আত্মা নেমে আসে, আর প্রত্যেক ব্যক্তি, ঈশ্বর ছাড়া তাদের আসেপাশের অন্য সবকিছু বিষয় থেকে অন্ধ হয়ে যায়। লোকদের মধ্যে থেকে যেন এমন এক ক্রন্দন উঠে, ঈশ্বরের জন্য তৃষ্ণার্ত, যতক্ষণ না এখানে সারা দেশে একটি পুনরুজ্জীবন আসে এবং প্রতিটি গীর্জায় লোকে পরিপূর্ণ হয়, পাপীরা ঈশ্বরের করুণার জন্য চিৎকার করে, আর—আর পবিত্র আত্মা অসুস্থদের নিরাময় করেন, খঞ্জদের চলতে সাহায্য করেন, আর মৃতদের জীবিত করেন, আর এই বিষয়গুলি প্রদান করেন যা আপনার বাক্যে প্রতিশ্রুত করা হয়েছে।

3 আসুন, প্রভু যীশু, আর আপনার প্রতিশ্রুতি পূরণ করুন। আজ রাতে আমাদের কাছে আসুন। আমরা বিশ্বাস করি যে আপনি কাল, আজ এবং অনন্ত কাল একই, আপনার প্রতিশ্রুতি ব্যর্থ হতে পারে না। আকাশ ও পৃথিবীর উভয়ই লোপ হবে কিন্তু আপনার বাক্য ব্যর্থ হবে না। আমাদের বোধশক্তিকে উন্মুক্ত করুন। পবিত্র আত্মা যেন আসেন এবং পতিত জমিতে অবস্থান করেন। আমাদের বোধশক্তি যেন আজ রাতে ঈশ্বরের আত্মা এবং শক্তির জন্য উন্মুক্ত হয়, যাতে তিনি আমাদের মাধ্যমে তাঁর প্রতিশ্রুত বাক্য প্রকাশ করতে পারেন। কারণ আমরা এটা যীশুর নামে প্রার্থনা করি। আমেন।

4 এখন, আজ রাতে, আপনারা যারা পাঠ্য দেখেন, আসুন বাইবেলে দ্বিতীয় পিতর বইটি খুলি, আর ১৫তম পদটি দিয়ে শুরু করি, কিছু সময়ের জন্য বাক্যর উপর কথা বলার জন্য।

> *আর তোমরা যাহাতে আমার যাত্রার পরে সর্ব্বদা এই সকল স্মরণ করিতে পার, এমন যত্নও করিব।*

> *আমরা কৌশলকল্পিত গল্পের অনুগামী হই নাই,* কল্পকাহিনী, *আমাদের প্রভু যীশু খ্রীষ্টের পরাক্রম ও আগমনের বিষয় যখন তোমাদিগকে জ্ঞাত করিয়াছিলাম, কিন্তু তাঁহার মহিমার চাক্ষুষ সাক্ষী হইয়াছিলাম।*

5 আমি সেটা ভালবাসি, "চাক্ষুষ সাক্ষী।" কিছু কল্পকাহিনী না। আমরা যা বলছি তার সাক্ষী।

> *ফলতঃ তিনি পিতা ঈশ্বর হইতে সমাদর ও গৌরব পাইয়াছিলেন,* আর *সেই মহিমাযুক্ত প্রতাপ কর্ত্তৃক তাঁহার কাছে এই বাণী উপনীত হইয়াছিল, ইনিই আমার পুত্র, আমার প্রিয়তম, ইহাঁতেই আমি প্রীত।*

> *আর স্বর্গ হইতে উপনীত সেই বাণী আমরাই শুনিয়াছি, যখন তাঁহার সঙ্গে পবিত্র পর্ব্বতে ছিলাম।*

> *আর ভাববাণীর বাক্য দৃঢ়তর হইয়া আমাদের নিকটে রহিয়াছে;* তোমরা *যে সেই বাণীর প্রতি মনোযোগ করিতেছ,* তোমরা *তাহা ভালই করিতেছ, তাহা এমন প্রদীপের তুল্য, যাহা যে পর্য্যন্ত দিনের আরম্ভ না হয় এবং প্রভাতীয় তারা তোমাদের হৃদয়ে উদিত না হয়, সেই পর্য্যন্ত অন্ধকারময় স্থানে...দীপ্তি দেয়:*

> *প্রথমে ইহা জ্ঞাত হও যে, শাস্ত্রীয় কোন ভাববাণী বক্তার নিজ ব্যাখ্যার বিষয় নয়।*

> *কারণ ভাববাণী কখনও মনুষ্যের ইচ্ছাক্রমে উপনীত হয় নাই: কিন্তু* মনুষ্যেরা *পবিত্র আত্মা দ্বারা চালিত হইয়া ঈশ্বর হইতে যাহা পাইয়াছেন, তাহাই বলিয়াছেন।*

6 পাঠ্য বাক্যটিতে প্রভু তাঁর আশীর্বাদ যোগ করুন। এখন, আমি এটা একটি বিষয়ের জন্য নিতে যাচ্ছি: *ঈশ্বর স্বয়ং নিজের ব্যাখ্যাকারী।*

7 আমরা বিভ্রান্তির দিনে বাস করছি। আমরা এমন একটি দিনে বাস করছি যখন পুরুষ ও মহিলারা খুব কমই জানেন যে কী করতে হবে।

সবই, মনে হয় অশান্তি। সবকিছু, এটা দেখতে অনেক ভিন্ন উপায় আছে বলে মনে হচ্ছে। এটা শয়তান, এটা করার জন্য।

8 এখন, ঈশ্বর একজন ব্যক্তিকে ন্যায়সঙ্গতভাবে বিচার করতে পারেন না, সঠিকভাবে, যদি না সেখানে এমন একটি মান থাকে যা থেকে তাকে তাদের বিচার করতে হবে। আর বাইবেল বলে যে তিনি যীশু খ্রীষ্টের দ্বারা সমস্ত মানুষের বিচার করবেন এবং যীশু খ্রীষ্ট হলেন বাক্য। যোহন, ১ম অধ্যায়ে, এটি বলে:

আদিতে বাক্য ছিলেন, এবং বাক্য ঈশ্বরের কাছে ছিলেন, এবং বাক্য ঈশ্বর ছিলেন।

আর সেই বাক্য দেহধারন করিলেন, এবং আমাদের মধ্যে প্রবাস করিলেন,...

9 এখন, আমরা আজ যা আছি তা হল তাঁর গুণাবলীর প্রদর্শন। ঈশ্বরে...প্রথমে তিনি ঈশ্বরও ছিলেন না, ঈশ্বর, আমরা হয়তো শুধু তাকে বলতাম "একজন অনন্ত।" তিনি ঈশ্বর ছিলেন না, কারণ সেই শব্দ (ইংরেজি শব্দ) *গড* এর অর্থ "উপাসনার বিষয়" আর তাঁর উপাসনা করার জন্য কিছুই ছিল না। তাই তিনি ছিলেন একজন অনন্ত, সেই—সেই সমস্ত বুদ্ধিমত্তার মূল উনুই। আর বুদ্ধিমত্তার এই উনুইতে একটি পরমাণু, অণু বা কিছুই ছিল না, কোথাও আলো, তারা, চাঁদ, আর কিছুই ছিল না। ঈশ্বর, আমরা যাকে ঈশ্বর বলে জানি, মহান আত্মা যিনি অনন্ত (কখনও শুরু হয়নি, শেষ হয়নি), তিনি সেখানে ছিলেন। আর তাঁর মধ্যে গুণাবলী ছিল: এটা ছিল ঈশ্বর হওয়ার গুণাবলী, তারপরে পিতা হওয়ার গুণাবলী, পুত্র হওয়ার গুণাবলী, ত্রাণকর্তা হওয়ার গুণাবলী, একজন নিরাময়কারী হওয়ার গুণাবলী। এই সমস্ত গুণাবলী তাঁর মধ্যে ছিল। আর এখন তিনি...তারপর থেকে উদ্ভাসিত এই বিষয়গুলি দ্বারা কেবল তাঁর গুণাবলী প্রকাশ করা হচ্ছে।

10 আমি কি বলতে চাচ্ছি, *গুণাবলী*, ছিল তার "চিন্তা।" আর একটি—একটি *শব্দ* "একটি চিন্তার বহিঃপ্রকাশ।" আর তখন সেটা তার চিন্তায় ছিল। আর যখন তিনি বললেন, "হতে দিন," আর এটা সেখানে ছিল। "হতে দিন," আর এটা সেখানে ছিল।

11 আর এখন, মনে রাখবেন, আপনারা যারা খ্রিস্টান তারা জগত সৃষ্টি হওয়ার আগে তার চিন্তায় ছিলেন। আর আপনারা তার চিন্তার বহিঃপ্রকাশ। এমনকি জগৎ সৃষ্টি হওয়ার আগে, আপনি খ্রীষ্টে ছিলেন, (আমেন) আদিতে ঈশ্বরে ছিলেন৷ সেটা আপনাকে, তাহলে, আপনি দেখতে পাচ্ছেন, তার বিষয় করে তোলে। আর

পুরো বিষয়টি হল ঈশ্বর, স্বয়ং, নিজেকে বাস্তব রূপ দিয়েছেন যাতে তাকে পরিচালনা করা যায়, দেখা যায়, আর—আর এই ভাবেই। আর এটাই ঈশ্বর, সম্পূর্ণ বিষয়।

12 তখন মানুষরা বলে, "ব্যাখ্যা..." আমি এখানে কিছুক্ষণ আগে একটি সভায় কথা বলছিলাম, একজন ব্যক্তি আমাকে বললেন, তিনি বললেন, "ভাই ব্রানহাম, আপনার কাছে ভুল ব্যাখ্যা আছে। আপনি এটি সঠিকভাবে ব্যাখ্যা করেন নি।"

13 এখন, আমরা শুনি...তারা মেথডিস্টের কাছে যায়, আর তারা বলে "ব্যাপটিস্টরা সঠিক ব্যাখ্যা করেন না।" ব্যাপটিস্ট বলেন, "পেন্টিকোস্টালরা করেন না।" পেন্টিকোস্টালরা বলেন যে "দ্য—দ্য ওয়াননেসরা করেন না।" দ্য ওয়াননেসরা বলেন, "দ্য এসেম্বলিজরা করেন না।" আর প্রত্যেকে বলেন যে অপরজন করেন না।

14 ঈশ্বর স্বয়ং নিজের ব্যাখ্যাকারী! ব্যাখ্যা করার জন্য তার কারো প্রয়োজন নেই। তিনি তার নিজের ব্যাখ্যা করেন। ঈশ্বরকে ব্যাখ্যা করতে পারেন এমন কোন ব্যক্তি আছেন? ঈশ্বর স্বয়ং নিজের ব্যাখ্যাকারী।

15 এখন, পিতর এখানে কথা বলছেন, আমরা খুঁজে পাই যে আদিতে যখন ঈশ্বর বলেছিলেন, "দীপ্তি হউক," আর সেখানে দীপ্তি হয়েছিল, এটাই এর ব্যাখ্যা। ঈশ্বর যখন কিছু বলেন এবং তা প্রকাশিত হয়, তখন এটাই ঈশ্বরের ব্যাখ্যা যে তাঁর বাক্য সঠিক। দেখুন? যখন তিনি বললেন, "দীপ্তি হউক," আলোর মতো কিছু সৃষ্টি হওয়ার পূর্বে এটা তাঁর চিন্তাধারায় ছিল। যখন তিনি বললেন, "দীপ্তি হউক," আকাশে আলো ফুটে উঠল, এটাই ব্যাখ্যা। কাউকে এর ব্যাখ্যা করতে হবে না, কারণ ঈশ্বর এটাই বলেছিলেন আর সেখানে এটা ছিল। ঈশ্বর যখন কথা বলেন এবং তা প্রকাশিত হয়, তখন এটাই তাঁর বাণীর ব্যাখ্যা। লোকরা কেন তা দেখতে পান না? লোকরা কেন তা দেখেন না?

16 যখন ঈশ্বর প্রতিশ্রুতি দেন আর ঈশ্বর বলেন...আদিতে—আদিতে, আদিতে, তিনি প্রতিটি যুগের জন্য তাঁর বাক্য বরাদ্দ করেছিলেন যেভাবে এটা শুরু থেকে শেষ পর্যন্ত নেমে এসেছে। আর, এই সকল যুগ ধরে, গির্জার জগৎ এই সমস্ত বিষয়গুলিকে ঐতিহ্য দ্বারা মিশ্রিত করেছে, এবং আরও অনেক কিছু, আর ঈশ্বর সর্বদা ভাববাদীদের দৃশ্যে পাঠান, পুরাতন নিয়ম থেকে নতুন নিয়ম পর্যন্ত! আর প্রভুর বাণী ভাববাদীর কাছে আসে। আর এটা কিভাবে হয়? এটা ঈশ্বরের বাক্যকে প্রকাশ করে। ঈশ্বরের প্রকাশ, এটা সঠিক না

ভুল তা বলে দেয়। কাউকে এর ব্যাখ্যা করতে হবে না, বাক্য নিজেই ব্যাখ্যা করে। ঈশ্বর প্রতিশ্রুতি দিয়েছিলেন আর সেখানে এটা ঘটছে!

17 এর সম্পর্কে অন্য কিছু বলে কি লাভ? কে সেই পাপী মানুষ যে বলার চেষ্টা করবে (যখন ঈশ্বর একটি প্রতিশ্রুতি দিয়েছিলেন আর ঈশ্বর তা করেন) যে ব্যাখ্যাটি ভুল? সেটা ঈশ্বর নিজেই তার নিজের ব্যাখ্যা করেছেন, ব্যাখ্যা করছেন। তাঁর ব্যাখ্যা করার জন্য তাঁর কারও প্রয়োজন নেই, তিনি যা করার প্রতিশ্রুতি দিয়েছিলেন তা প্রকাশ করে তিনি নিজেকে ব্যাখ্যা করেন।

18 ওহ, যদি গির্জা শুধুমাত্র এটা দেখতে পারে আর প্রতিটি যুগের জন্য বরাদ্দ প্রতিশ্রুতি দেখতে পারে! অন্যান্য সমস্ত যুগে, ঈশ্বর দৃশ্যে পাঠিয়েছেন (এমনকি সাতটি মণ্ডলীর যুগেও) আর তিনি যা করার প্রতিশ্রুতি দিয়েছেন তা সবই প্রকাশ করেছেন। সবকিছু, একটি বিষয়ও বাকি নেই। সঠিক ভাবে! তিনি যা বলেছেন, তিনি তা করবেন, সেটা তিনি করেছেন।

19 কারণ ঈশ্বর যখন বলেছিলেন, যিশাইয় ভাববাদীর পুস্তকে, তিনি বলেছিলেন, "এক কন্যা গর্ভবতী হইবেন," আর সে হয়েছিল। এখন, কে—কে এর ব্যাখ্যা করতে পারেন? ঈশ্বর ব্যাখ্যা করেছেন। তিনি বলেছিলেন, "এক কন্যা গর্ভবতী হইবেন," আর সে গর্ভবতী হয়েছিলেন। এখন, আপনি কি...আপনি পারবেন না...এই সম্পর্কে কিছুই বলা যাবে না, কারণ ঈশ্বর বলেছিলেন সে করবে এবং সে তা করেছে৷ কিন্তু মন্ডলী তখন এটা দেখার জন্য খুবই অন্ধ ছিল। দেখুন, তাদের এই সম্বন্ধে নিজস্ব ধারণা ছিল। তারা যা আশা করেছিল তার থেকে এটা খুব—খুব আলাদা ছিল।

20 পিতর এখানে উল্লেখ করেছেন, তিনি বলেছেন, "ঈশ্বর তাঁর বাক্য দ্বারা খ্রীষ্টকে প্রকাশ করেছিলেন, তিনি বলেছেন, 'ইনিই আমার প্রিয় পুত্র।'" এই বিশ্বাসীরা সেখানে দাঁড়িয়ে ছিলেন। আর খ্রীষ্ট ছিলেন ঈশ্বরের প্রকাশ। তিনি সর্বদা তাঁর বাক্য দ্বারা খ্রীষ্টকে প্রকাশ করেছেন, কারণ খ্রীষ্টই বাক্য। তিনিই সর্বদা প্রকাশ করেন।

21 যখন তিনি বলেছিলেন...নোহের দিনে খ্রীষ্ট নোহের মধ্যে ছিলেন। আপনি কি এটা বিশ্বাস করেন? নোহ্ বলেছিলেন, "বৃষ্টি হবে। বৃষ্টি হবে, পৃথিবী ধ্বংস হয়ে যাবে।" বৃষ্টি হল। যার কোনো ব্যাখ্যার প্রয়োজন ছিল না। বৃষ্টি হয়েছিল কারণ ঈশ্বর, নোহের মধ্যে, বলেছিলেন, "বৃষ্টি হবে।" তিনি একজন ভাববাদী ছিলেন, আর প্রমাণ ছিল যে তিনি যা বলেছিলেন তা বাস্তবায়িত হয়েছিল। তাই তাদের এটা ব্যাখ্যা করার দরকার নেই।

22 তাদের মধ্যে থেকে কেউ কেউ হয়তো বলেছিল, "এই ব্যক্তিটি জানেন না তিনি কি বলছেন।"

23 কিন্তু ঈশ্বর সবসময় প্রতিজ্ঞা করেছিলেন, "যদি তোমাদের মধ্যে এমন কেউ থাকে যে আধ্যাত্মিক, অথবা ভাববাদী, আর তিনি যা বলেন তা বাস্তবায়িত হয়, তাহলে তা শুনুন।" এটা ঠিক, কারণ এটা সত্য। এটা বাক্য অনুযায়ী হতে হবে। আর নোহ্ বাক্য অনুযায়ী ছিলেন। যখন তিনি ভবিষ্যদ্বাণী করেছিলেন যে বৃষ্টি হতে চলেছে, আর বৃষ্টি হয়েছিল। এর জন্য কোনও ব্যাখ্যার প্রয়োজন ছিল না, কারণ এটা ঠিক তাই হয়েছিল।

24 যিশাইয় বলেছেন, "এক কন্যা গর্ভবতী হইবেন," আর সে হয়েছিলো। এখন, এটা খুবই অস্বাভাবিক ছিল। কেননা, দেখুন, এই কুমারী গর্ভধারণ অনেক শত বছর পর করেছিলো।

25 এটা এতটাই অস্বাভাবিক ছিল যে যোষেফ নামে একজন ভালো মানুষ, তার স্বামী, "একজন ন্যায়পরায়ণ ব্যক্তি আর তাকে একজন সর্বজনীন উদাহরণ করতে ইচ্ছুক ছিলেন না..." সেই সময়ে এই ভালো ব্যক্তিটি, যোষেফের কি মনে হয়েছিল যখন তার বাগদান হয়ে গিয়েছিল, মরিয়মের বাগদত্তা।

26 সে (মরিয়ম) বাগদত্তা ছিল। সেই সময়, এটা ভাঙা, ব্যভিচার করার সমান ছিল। আর, অবশ্যই, যোষেফের মনে হয়েছিল যে মরিয়ম তাকে অবরোধের জন্য ব্যবহার করার চেষ্টা করছে, অথবা তাকে (যোষেফ) তার (মরিয়ম) অন্যায়ের জন্য একটি ঢাল তৈরি করছে, কারণ এখানে তাকে মা হতে দেখা গেছে, অবিবাহিত, শুধুমাত্র বাগদান হয়েছে। এমন একটি কৌশল, পাথর মেরে মৃত্যুদন্ড দেওয়া হত; এটা আইন দ্বারা, করা হত।

27 আর যোষেফ, তার স্বামী, একজন ন্যায়পরায়ণ ব্যক্তি ছিলেন, একজন খুব ন্যায়পরায়ণ ব্যক্তি ছিলেন। তিনি ঈশ্বরকে বিশ্বাস করতেন। আর যখন সে তার দিকে সেই সুন্দর, বড় সরল চোখ দিয়ে তাকিয়ে বলতো, "যোষেফ, প্রধান স্বর্গদূত গাব্রিয়েল আমাকে দেখা দিয়েছেন এবং আমাকে বলেছেন যে আমি গর্ভধারণ করতে যাচ্ছি, কোন পুরুষকে না জেনেই।"

28 এখন, যদি যোষেফ শাস্ত্রে ফিরে তাকাতেন, ভাববাদী বলেছিলেন যে সে (মরিয়ম) এটা করবে! এটা শুধুমাত্র ঈশ্বর তার নিজের বাক্য ব্যাখ্যা করছিলেন! দেখুন? কিন্তু এটা খুব অস্বাভাবিক ছিল।

29 এটা যে কোন যুগের সঙ্গে একই ব্যাপার। ঈশ্বরের বাক্য মানুষের কাছে বিদেশী বলে মনে হয়; এটা খুবই অস্বাভাবিক। ঈশ্বর সবসময় অস্বাভাবিক কিছু করেন। ঈশ্বর যেখানেই আছেন তা অস্বাভাবিক। এটা বিশ্বের নিয়মতান্ত্রিকতার বিরুদ্ধে, কারণ তারা এমনভাবে বিষয়গুলি নিয়েছে যেটা তারা মনে করে এইভাবে হওয়া উচিত। কিন্তু ঈশ্বর আসেন এবং অস্বাভাবিক কাজ করেন।

30 "এই কুমারী কিভাবে গর্ভধারণ করতে পারেন?" তিনি (যোষেফ) সৎ ছিলেন, তিনি এর জন্য ঈশ্বরের কাছে অন্বেষণ করেছিলেন।

31 আর তখন ঈশ্বর স্বপ্নে তার সাথে কথা বললেন, আর বললেন, "যোষেফ, দায়ূদ-সন্তান, তোমার স্ত্রী মরিয়মকে গ্রহণ করিতে ভয় করিও না, কেননা তাঁহার গর্ভে যাহা জন্মিয়াছে, তাহা পবিত্র আত্মা হইতে হইয়াছে। ঈশ্বর তাহাকে আবৃত করিয়াছেন। এটাই তাহা করিয়াছে।"

32 আপনি কি কখনো লক্ষ্য করেছেন কিভাবে ঈশ্বর সেখানে যোষেফের সাথে আচরণ করেছিলেন? গৌণ উপায়ে, স্বপ্নের মাধ্যমে। এখন, আমরা জানি স্বপ্ন আছে, আমরা স্বপ্নে বিশ্বাস করি। আমি স্বপ্নে বিশ্বাস করি। করেছেন...ঈশ্বর সবসময় স্বপ্নের মাধ্যমে মানুষের সঙ্গে কথাপকথন করে থাকেন। কিন্তু স্বপ্ন হল দ্বিতীয়, দেখুন, এটা সঠিক অথবা ভুল হতে পারে যদি না এটা ব্যাখ্যা করা হয়। কিন্তু তার কোনো ব্যাখ্যার প্রয়োজন ছিল না। ঈশ্বর নিজেই যোষেফের সাথে সরাসরি কথা বলছিলেন, কারণ সেই দিনগুলিতে ব্যাখ্যা করার জন্য কোন ভাববাদী ছিলেন না। চারশো বছর ধরে কোনো ভাববাদী ছিলেন না। তাই পরবর্তী শ্রেষ্ঠ, ঈশ্বর কল্যাণের জন্য যত্নশীল, তার নিজের পুত্রের কল্যাণের জন্য, একটি স্বপ্নের মাধ্যমে এবং ব্যাখ্যা ছাড়াই যোষেফের সাথে কথা বলেছিলেন। তিনি বলেছিলেন, "মহিলা ঠিকই বলেছেন। যে পবিত্র বিষয়টি তার মধ্যে গর্ভধারণ করেছে তিনি হলেন ঈশ্বরের পুত্র।" কোন ব্যাখ্যার প্রয়োজন ছিল না।

33 ঈশ্বর সৎ, আন্তরিক হৃদয়ে তার নিজের ব্যাখ্যা করেন। পুরুষ এবং মহিলা যারা দেখেন যে—যে বিষয়টি রহস্যময়, যদি আপনি সৎ এবং আন্তরিক হন এবং বিশ্বাস করেন, আপনার কাছে এটা ব্যাখ্যা করার জন্য ঈশ্বরের কাছে একটি উপায় আছে। প্রথমত, এটা একটি প্রতিশ্রুতি কিনা তা খুঁজে বের করুন। যদি যোষেফ ফিরে যেতেন আর ঐতিহ্য থেকে সরে গিয়ে বাইবেলে ফিরে যেতেন,

আর খুঁজে বের করতেন, যিশাইয় বলেছিলেন যে সে (মরিয়ম) তা করতে যাচ্ছে।

34 আর যে বিষয়গুলির বলা হয়েছিল, আর তাঁর জন্ম, আর এই বিষয়ের সম্পর্কে শাস্ত্র যা বলা হয়েছে, "পবিত্র ভাববাদীদের দ্বারা," যেমন পিতর বলেছেন। আর এই বিষয়ে কোনও ব্যক্তিগত ব্যাখ্যা দেওয়ার অধিকার কোনও ব্যক্তির নেই। এটা ঠিক যা ঈশ্বর বলেছেন তা ঘটবে। তিনি সেই দিনের জন্য প্রতিশ্রুত ঈশ্বরের বাক্যর প্রকাশ ছিলেন। ঈশ্বর এটা বলেছেন, তাই সেখানে এটা হয়েছিল। এটা তার নিষ্পত্তি।

35 যীশু বলেছেন...যখন তিনি পৃথিবীতে ছিলেন, যখন তারা তাঁর সেবাকার্যকে বুঝতে পারেনি, এটা খুব মহান ছিল, খুব বিস্ময়কর, (তারা পারেনি), বরং, অসাধারণ। তারা তাকে বুঝতে পারেনি। তিনি বলেছিলেন, "তোমরা শাস্ত্র অনুসন্ধান করিয়া থাক!" (আমি আশা করি আমি এখানে আপনাদেরকে বধির করছি না, জোরে আওয়াজ করে।) "তোমরা শাস্ত্র অনুসন্ধান করিয়া থাক, কারণ তোমরা মনে করিয়া থাক যে, তাহাতেই তোমাদের অনন্ত জীবন রহিয়াছে, আর তাহাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়।" দেখুন? "তারাই সাক্ষ্য দেয় আমি কে।"

36 দেখুন, ঈশ্বর বাক্য বরাদ্দ করেছিলেন। সেই দিন ছিল ঈশ্বরের প্রকাশের দিন, ঈশ্বর (ইম্মানূয়েল) আমাদের সঙ্গে, "এবং তাঁহার নাম হইবে আশ্চর্য্য মন্ত্রী, বিক্রমশালী ঈশ্বর, সনাতন পিতা, শান্তিরাজ। এবং তাঁহার নাম হইবে *ইম্মানূয়েল*, 'আমাদের সহিত ঈশ্বর।'" ঈশ্বর দায়ূদের মধ্যে ছিলেন। ঈশ্বর মোশির মধ্যে ছিলেন। ঈশ্বর...এটা ঈশ্বর সর্বত্র, সেই যুগের জন্য নিজেকে প্রকাশ করছেন। কিন্তু এই যুগে, "একজন কুমারী গর্ভধারণ করবেন এবং তিনি একটি পুত্র সন্তানের জন্ম দিবেন, আর তিনি আমাদের সাথে ঈশ্বর হবেন।"

37 সেই জন্যই তারা তাকে ক্রুশবিদ্ধ করেছিল, নিজেকে ঈশ্বর বানিয়েছিলেন, আর বিশ্রামবার ভঙ্গ করার জন্যও। তিনি ছিলেন—তিনি বিশ্রামবারে ঈশ্বর ছিলেন, আর তিনি ঈশ্বর ছিলেন৷ আর তিনি শুধুমাত্র একজন সাধারণ মানুষ অথবা একজন সাধারণ ভাববাদী ছিলেন না (যদিও তিনি একজন সাধারণ মানুষ এবং একজন ভাববাদী ছিলেন), কিন্তু তিনি ছিলেন ঈশ্বর-ভাববাদী। আর তিনি বাক্যর পরিপূর্ণতা ছিলেন, ঈশ্বর যা বলেছিলেন ঠিক তাই তিনি করবেন৷ বলেছিলেন, "তোমাদের মধ্যে কে আমাকে পাপী বলিয়া প্রমাণ করিতে পারে? তোমরা শাস্ত্র অনুসন্ধান করিয়া থাক! কারণ তোমরা মনে করিয়া থাক যে, তাহাতেই তোমাদের অনন্ত জীবন

রহিয়াছে, আর তাহাই আমার বিষয়ে সাক্ষ্য দেয়।" কিন্তু তাদের প্রথা, তারা অন্য যুগের প্রতিফলনে বসবাস করছিল।

38 আমি যেমন কয়েক সপ্তাহ আগে প্রচার করেছিলাম, *"একটি প্রতিফলনে বসবাস।"* একটি প্রতিফলন হল "একটি মরীচিকা," সূর্য নিজেকে প্রতিফলিত করে, আর এটা মিথ্যা। আর অন্য যুগের কোন প্রতিফলন হল একটি মিথ্যা প্রতিফলন। মানুষ সবসময় এমন কিছুতে হাঁটছে যা কয়েক বছর আগে ঘটেছে। লুথারেনরা লুথারেন এর প্রতিফলনে হাঁটছে। লুথারের সূর্যালোক তার সময়ে ভালো ছিল; ওয়েসলি তার সময়ে ভালো ছিল; পেন্টিকোস্টাল তার সময়ে ভালো ছিল। আমরা সিঁড়ি বেয়ে উপরে যাচ্ছি, আমরা অন্য যুগে বসবাস করছি! আমরা এগিয়ে যাচ্ছি, এগিয়ে যাচ্ছি, আমরা পিছনে ফিরে তাকাতে পারি না।

39 যখন আমরা নিজেদেরকে কোন বিষয়ের মধ্যে স্থির করি, তখন আমরা মনে করি যে আমরা সম্পূর্ণ এটি তৈরি করেছি, আমরা আমাদের ঐতিহ্যগুলিকে গুটিয়ে ফেলি; আর এটা সেই দিনের জন্য ঠিক ছিল, কিন্তু আমরা এগিয়ে যাচ্ছি! শাস্ত্র অনুসন্ধান করুন এবং দেখুন আজকের জন্য কি প্রতিশ্রুতি দেওয়া হয়েছে, তারপর আমরা জানতে পারব আমরা কোথায় আছি, তারপর আমরা বলতে পারব আমরা কোথায় দাঁড়িয়ে আছি।

40 লুথার; আপনি বাক্যে তাকান এবং দেখতে পারেন—সেই সার্দ্দিস্থ যুগে, আপনি দেখতে পাবেন ঠিক কী প্রতিশ্রুতি দেওয়া হয়েছিল। দেখুন কি রকম একজন আরোহী এগিয়ে গেলেন, দেখুন ঠিক কে তার সাথে দেখা করতে গেল, ঠিকভাবে, "মানুষের ধূর্ততা," সংস্কার। ওয়েসলিকে দেখুন, আর এই ভাবেই অন্যদের। যখন এটি পেন্টেকোস্টাল যুগে নেমে আসে, আর সেই যুগের মধ্য দিয়ে, এটি কীভাবে ভ্রমণ করেছে তা দেখুন। বাক্যর দিকে তাকান এবং দেখুন আমরা কোথায় আছি। এই কারণেই যীশু বলেছেন, "শাস্ত্র অনুসন্ধান করো!"

41 দেখুন আমরা কোথায় আছি! আমি বিশ্বাস করি আমরা এই মুহূর্তে ঈশ্বরের পুত্রের আগমনের সময়ে আছি। আমি বিশ্বাস করি আমরা সেই যুগের সেই—সেই ঘন্টায় রয়েছি যখন তিনি যে কোন সময় উপস্থিত হতে পারেন। আমি বিশ্বাস করি শাস্ত্র ঘোষণা করে যে, আমরা এই পৃথিবীর ইতিহাসের শেষ ঘন্টায় আছি। আমি বিষয়গুলিকে দেখতে পাচ্ছি যে তারা তৈরী হচ্ছে। দেখুন এই ইকুমেনিকাল কাউন্সিল সমস্ত ধর্মসম্প্রদায়গুলিকে পশুর চিহ্নে নিয়ে যাচ্ছে। আর দেখুন রোমান সাম্রাজ্য এবং তারা কী করছে,

আর বাকিদের। দেখুন তারা একত্রিত হচ্ছে, আলো নিভিয়ে, সুসমাচার বন্ধ করে। প্রত্যেককে এর অন্তর্ভুক্ত হতে হবে এবং তাদের আলোতে চলতে হবে নতুবা আপনি মোটেও হাঁটতে পারবেন না। দেখুন, আমরা শেষ সময়ে এসেছি। ঈশ্বরকে ধরে রাখা এবং তাঁর বাক্যে বিশ্বাস করা ছাড়া আমাদের আর কিছুই অবশিষ্ট নেই। বাক্য সবসময় সঠিক।

42 লায়দিকেয়াস্থ মণ্ডলীর যুগে, এটা ছিল একমাত্র মণ্ডলীর যুগ, তাদের সকলের মধ্যে, যখন খ্রীষ্টকে গির্জার বাইরে রাখা হয়েছিল। তিনি বাইরে ছিলেন, দরজায় আঘাত করছিলেন। কি হয়ছে ? এই ইকুমেনিক্যাল কাউন্সিলই তাকে বের করে দেবে। বাইবেল বলে যে তাকে বাইরে থাকতে হবে, আর তিনি আছেন। তারা কি বন্ধ করেছে ? বাক্য। আর তিনিই বাক্য, তিনি সর্বদাই বাক্য ছিলেন, আর তিনি আজ রাতেও বাক্য আছেন ! তিনি বাক্য।

43 বাইবেল বলে, “বাক্য তীক্ষ্ণ, দ্বিধার খড়গ চেয়েও শক্তিশালী,” ইব্রীয়, ৪র্থ অধ্যায়, “হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।” বাক্য ছিল ! সেই দিন যীশু যখন বলেছিলেন তখন তাদের জানা উচিত ছিল তিনি কে।

44 তিনি কি করেছেন তা দেখুন। একদিন তিনি সেখানে দাঁড়িয়ে ছিলেন, তাঁর সেবা কার্যের শুরুতে। শিমোন নামে একজন ব্যক্তি তাঁর কাছে এসেছিলেন, শিমোন পিতর। আর যখন পিতর তার দিকে তাকালেন এবং—এবং তাকে দেখলেন, যীশু তাকে বললেন, “তোমার নাম শিমোন আর তুমি যোহনের পুত্র।” (তার জানা উচিত ছিল যে মোশি বলেছেন, “তোমার ঈশ্বর সদাপ্রভু তোমার মধ্য হইতে, তোমার ভ্রাতৃগণের মধ্য হইতে, তোমার জন্য আমার সদৃশ এক ভাববাদী উৎপন্ন করিবেন, তাঁহারই কথায় তোমরা কর্ণপাত করিবে।”) আর এখানে একজন লোক ছিলেন যিনি তাকে তার জীবনে কখনও দেখেননি, বললেন, “তোমার নাম শিমোন আর তুমি যোহনের পুত্র।” কেন, তিনি ঠিক তখনই জানতে পারলেন যে এটা আর হতে পারে না...তাদের শত শত বছর ধরে কোন ভাববাদী ছিল না, আর এখানে একজন ব্যক্তি তাকে বলছেন তিনি কে। আশ্চর্যের কিছু নেই যে তিনি এটা গ্রহণ করতে পারেন !

45 ফিলিপ, সেই সময়ে, গিয়েছিলেন আর—আর তিনি নথনেলকে একটি গাছের নিচে দেখতে পেলেন, আর তাকে যীশুর কাছে নিয়ে আসলেন। যীশু বললেন “ঐ দেখ, এক জন প্রকৃত ইস্রায়েলীয়, যাহার অন্তরে ছল নাই।”

তিনি বললেন, “রব্বি, আপনি কিসে আমাকে চিনিলেন ?”

46 তিনি বললেন, "ফিলিপ তোমাকে ডাকিবার পূর্ব্বে যখন তুমি সেই ডুমুরগাছের নিচে ছিলে, তখন তোমাকে দেখিয়াছিলাম।"

47 তিনি বললেন, "রব্বি, আপনিই ঈশ্বরের পুত্র! আপনিই ইস্রায়েলের রাজা।" তিনি জানতেন যে তিনি কে! কি? এটার কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই, যিহোবা এটা বলেছেন!

48 সেখানে যারা বিশ্বাস করেনি তারা দাঁড়িয়ে ছিলেন। তারা বলেছিল, "এই মানুষটি হল বেল্‌সবূল। তার কাছে—তার কাছে একধরনের কৌশল আছে যেটা সে ব্যবহার করছে। তিনি—তিনি একজন গণৎকার, অথবা অন্য কিছু।"

49 যীশু তাদের দিকে তাকিয়ে, বললেন, "কেননা, আর যে কেহ মনুষ্যপুত্রের বিরুদ্ধে কোন কথা কহে, সে ক্ষমা পাইবে। কিন্তু যখন পবিত্র আত্মা একই কার্য করিতে আসেন, তার নিন্দা করে, সে ক্ষমা পাইবে না, এই পৃথিবীতে অথবা আগামী পৃথিবীতে।" তিনি আমাদের দিনের ভবিষ্যদ্বাণী করেছিলেন, যে দিনটি আমরা দেখব। কারণ তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই আছেন।

মনে রাখবেন, মোশির মধ্যে যীশু খ্রীষ্ট ছিলেন।

50 তিনি যীশু খ্রীষ্ট ছিলেন যিনি দায়ূদের মধ্যে্য় ছিলেন। যখন দায়ূদ, এর পুত্র...দায়ূদ পাহাড়ে উঠেছিলেন, একজন প্রত্যাখ্যাত রাজা, আর যিরূশালেমের জন্য কাঁদলেন, তার মধ্যে খ্রীষ্ট ছাড়া আর কিছুই ছিল না। প্রায় আটশো বছর পরে, দায়ূদের পুত্র জৈতুন পর্ব্বতের উপরে অবস্থান করছিলেন এবং যিরূশালেমের দিকে তাকিয়ে কাঁদলেন আর বললেন, "যিরূশালেম, যিরূশালেম, কুক্কুটী যেমন আপন শাবকদিগকে পক্ষের নীচে একত্র করে, আমি কত বার তেমনি তোমার সন্তানদিগকে একত্র করিতে ইচ্ছা করিয়াছি, কিন্তু তোমরা সম্মত হইলে না!"

51 যোষেফ যখন কারাগারে ছিলেন, সেটা যীশু ছিলেন। যখন তাকে প্রায় ত্রিশটি রৌপ্যমুদ্রায় বিক্রি করা হয়েছিল, সেটা যীশু ছিলেন। যখন তাকে পোটীফরের অধ্যক্ষ করা হয়েছিল, সেটা যীশু ছিলেন। যখন তিনি ফরৌণনের ডান দিকে বসলেন। আর যখন তিনি বাইরে যেতেন, সকলে...তূরীধ্বনি হত, এবং প্রত্যেককে হাঁটু নত করতে হত, সেটা যীশু ছিলেন। কোন মানুষ ফরৌণনের কাছে আসতে পারতেন না শুধুমাত্র যোষেফের মাধ্যমে—মাধ্যমে; কোন মানুষ ঈশ্বরের কাছে আসতে পারেন না, শুধুমাত্র যীশুর মাধ্যমে। সেটা যীশু ছিলেন, যে ভবিষ্যদ্বাণী করা হয়েছিল তা পূর্ণ হচ্ছে, ছায়া ও বিভিন্ন ধরনের মাধ্যমে বলা হয়েছিল।

52 যীশু যখন পৃথিবীতে ছিলেন, তিনি একই কাজ করেছিলেন যা ভাববাদীরা করেছিলেন, এই জন্যই তারা জানত যে তিনি ঈশ্বরের প্রকাশ ছিলেন তাঁর বাক্যর। এটি ব্যাখ্যা করার প্রয়োজন ছিল না।

53 যখন নথনেল এটা দেখলেন, উপুড় হয়ে পড়ে, বললেন, "আপনিই ইস্রায়েলের রাজা, ঈশ্বরের পুত্র, ইস্রায়েলের রাজা। আমরা আপনাকে জানি, কোন মানুষ এটা করতে পারেন না।"

54 নীকদীম রাতে এসে, ফরীশীদের জন্য একই কথা বললেন। কিন্তু, আপনারা দেখতে পাচ্ছেন, তারা তাদের ইকুমেনিকাল কাউন্সিলে এতটাই আবদ্ধ ছিল যে তারা এটি গ্রহণ করতে পারেনি। তারা যা বলে থাকেন তিনি তা ব্যক্ত করলেন, বললেন, "রব্বি, আমরা..." কারা "আমরা" ? তাদের পরিষদ! "আমরা জানি, আপনি ঈশ্বরের নিকট হইতে আগত গুরু, কেননা আপনি এই যে সকল চিহ্ন-কার্য্য সাধন করিতেছেন, ঈশ্বর সহবর্ত্তী না থাকিলে এ সকল কেহ করিতে পারে না।" তারা তাকে চিনতে পেরেছিল, তারা জানত যে তিনি ছিলেন, কিন্তু তারা এতে জড়িয়ে পড়েছিল।

55 আর ঈশ্বর, গত চল্লিশ বছরে, পবিত্র আত্মার বাপ্তিস্ম দিয়ে এই জাতিকে নাড়া দিয়েছেন, আর পুরুষ এবং মহিলারা এখনও এর বাইরে রয়েছে কারণ তারা একই বিষয়ের সাথে জড়িত, অন্য দিনের প্রতিফলনে বসবাস করছে। কি ব্যাপার ? প্রত্যেকেই একজন মেথডিস্ট, ব্যাপটিস্ট, প্রেসবিটারিয়ান, লুথারেন অথবা অন্য কিছু হতে চায়। দেখুন, এটি একটি প্রতিফলন।

56 তারা মোশির দিনের প্রতিফলনের মধ্যে বাস করছিল। তিনি কি বলেছিলেন ? তিনি বলেছেন...তারা বলেছিল, "আমরা মোশির শিষ্য।"

57 তিনি বলেছিলেন, "কারণ যদি তোমরা মোশিকে বিশ্বাস করিতে, তবে আমাকেও বিশ্বাস করিতে। কেননা আমারই বিষয়ে মোশি লিখিয়াছেন!"

58 আপনারা যদি লুথারকে চিনতেন, তবে আপনারা এই যুগটি জানতেন! আপনারা যদি মেথডিস্টকে চিনতেন, তবে আপনারা এই যুগটি জানতেন! কারণ খ্রীষ্ট এই যুগের বিষয়ে লিখেছেন! যে বাক্য পূর্ণ হচ্ছে তা এই যুগে পূর্ণ হতে হবে। এটার ব্যাখ্যা করার জন্য কারো প্রয়োজন নেই, ঈশ্বর নিজেই তার ব্যাখ্যা করেন। ঈশ্বর নিজেকে ব্যাখ্যা করেন, কারণ তিনিই একমাত্র যিনি এর ব্যাখ্যা করতে পারেন। ঈশ্বরের প্রতিশ্রুতি সর্বদা তিনি যা বলেছেন তা প্রমাণ করেন, এবং এটাই ব্যাখ্যা।

59 এখন, যীশু, (সময় বাঁচাতে), যীশু বলেছেন, যোহন, ১৪ অধ্যায়ের, ১২ পদে, "যে আমাতে বিশ্বাস করে, আমি যে সকল কার্য্য করিতেছি, সেও করিবে।" তিনি কি এটা বলেছেন? সেটা ঠিক। এর কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই। যখন কেউ সেই কাজ করে, সেটাই ঈশ্বর। অবশ্যই!

60 সেখানে তিনি আরও বলেছেন, "সেইরূপ লোটের সময়ে যেমন হইয়াছিল, মনুষ্যপুত্র যে দিন প্রকাশিত হইবেন, সে দিনেও সেইরূপ হইবে।" যীশু এটা বলেছেন। তিনি কি এটা বলেছেন? অবশ্যই, তিনি এটা বলেছেন! এর কোন ব্যাখ্যার প্রয়োজন নেই।

তারা বলেন, "ঠিক আছে, এর অর্থ..."

61 এর অর্থ ঠিক তিনি যা বলেছেন! "সেইরূপ লোটের সময়ে যেমন হইয়াছিল, মনুষ্যপুত্র যে দিন প্রকাশিত হইবেন, সে দিনেও সেইরূপ হইবে।" লোটের সময়ে কি হয়েছিল? আসুন কিছুক্ষণের জন্য ফিরে যাই, তারা কী করেছিল তা খুঁজে বের করা যাক।

62 লোটের দিনে তিন শ্রেণীর লোক ছিল: বিশ্বাসী, ভন্ড বিশ্বাসী এবং অবিশ্বাসী। এটি প্রতিটি ভিড়ের মধ্যে, একই বিষয়।

আমরা খুঁজে পাই যে সদোমবাসীরা অবিশ্বাসী ছিল।

লোট একজন ভন্ড বিশ্বাসী ছিলেন।

63 অব্রাহাম বিশ্বাসী ছিলেন। তিনিই সেই ব্যক্তি যার সঙ্গে নিয়ম স্থির করা হয়েছিল। তিনিই সেই ব্যক্তি যিনি একজন প্রতিশ্রুত পুত্রের সন্ধান করেছিলেন। তিনিই সেই ব্যক্তি যিনি প্রত্যাশায় ছিলেন। আমেন। (আমি নিজেকে "আমেন" বলছি না। *আমেন* মানে "তাই হোক!") আর এটা ঠিক। অব্রাহাম সদোমে ছিলেন না। অব্রাহাম সদোম থেকে উপরে আর বাইরে ছিলেন। তিনি আজ আধ্যাত্মিক মন্ডলীর এক প্রকার।

64 লোট হলেন এক ধরনের ধর্মসম্প্রদায়িক মন্ডলী যা এখনও সদোমে রয়েছে। দেখুন, বাইবেল বলে যে, "সদোমের পাপ প্রতিদিন তার ধর্ম্মশীল প্রাণকে যাতনা দিত।।" কেন এর বিরুদ্ধে দাঁড়ানোর মতো যথেষ্ট স্নায়ু তার ছিল না? আজ একটি গীর্জায় অনেক ভাল মানুষ বসে আছেন, দেখছেন যে হাফপ্যান্ট পরা মহিলাদের এবং পুরুষরা এই কাজগুলি করছে, আর তাদের সদস্যরা রবিবারে গল্ফ খেলছে, আর পিকনিক পার্টি, আর সাঁতার এবং বিভিন্ন বিষয়, গীর্জায় যাওয়ার পরিবর্তে। গীর্জায় যাওয়ার পরিবর্তে বুধবার রাতে বাড়িতে বসে টেলিভিশন দেখছেন। তারা এ বিষয়ে কিছু বলতে চান, কিন্তু বোর্ড তাদের বের করে দেবে। কি ব্যাপার? এটা পুনরায় লোট,

তার জানালার বাইরে তাকিয়ে পাপ দেখেও, পাপকে “পাপ” বলতে ভয় পায়!

65 অব্রাহাম তাদের নোংরামিতে ছিলেন না, তিনি এর বাইরে ছিলেন। তিনি আধ্যাত্মিক মন্ডলীর এক প্রকার ছিলেন। এখন দেখুন শেষ সময়ে ঠিক কী ঘটেছিল, আগুন পড়ার ঠিক আগে। আর তারা ছিলেন পরজাতীয়। এটি আজ পরজাতীয়দের জগতের উপর পতিত আগুনের পূর্বাভাস দিয়েছে, যখন রাজ্যগুলি ভেঙে যাবে এবং সেগুলি পুড়িয়ে ফেলা হবে। “আকাশমণ্ডল জ্বলিয়া বিলীন হইবে,” প্রভু বলেন, “এবং তারা প্রচণ্ড তাপে পুড়িয়া যাইবে।” এটা ছিল তার একটা ছায়া।

66 এখন তাদের ছবি করা যাক। এখানে অব্রাহাম বাইরে ছিলেন, সদোমের বাইরে, তিনি সদোমের বাইরে ছিলেন। লোট তখনও সদোমেই ছিলেন।

67 আশ্চর্যের ব্যাপার, একটা উষ্ণ সকালে, প্রায় এগারোটার সময়, তিনি দেখলেন তিনজন ব্যক্তি আসছেন, সাধারণ মানুষ, রাস্তায় হেঁটে, পথ দিয়ে। অব্রাহাম ওক গাছের নীচে বসে বিশ্রাম নিচ্ছিলেন। তিনি বাইরে ছিলেন, সম্ভবত সেই সকালে পশুপালের সাথে, চলে আসেন, প্রায় দুপুরবেলায়। আর তিনি তিনজনকে আসতে দেখলেন। আর সেই পুরুষদের সম্পর্কে কিছু ছিল, যেটা, একটি ঘণ্টা বাজিয়েছিল। হে, আমার!

68 ঈশ্বর সম্পর্কে সর্বদা কিছু না কিছু থাকে, যখন তিনি মানুষের মাঝে আসে, এটি একটি ঘণ্টা বাজায়। তারা এটা জানে। সেখানে কিছু আছে তাদের বলে, সেখানে একটি প্রমান রয়েছে।

69 অব্রাহাম দ্রুত দৌড়ে এসে বললেন, “আমার প্রভু, নিকটে আসুন আর কিঞ্চিৎ জল আনাইয়া দিই, আপনারা পা ধুইয়া দিই, এবং কিছু খাদ্য আনিয়া দিই, পরে পথে অগ্রসর হইবেন, আপনার পথে।” তাই তিনি ফিরে তাকালেন। তিনি বাথানের মধ্যে দৌড়ে গিয়ে একটি বাছুর নিয়ে আসলেন এবং সেটিকে মারলেন, এটা পরিষ্কার করার জন্য একজন চাকর ছিল। তাম্বুতে গিয়ে, তার নীচে, আর সারাকে কিছু ময়দা মাখার জন্য, কিছু খাবার তৈরি করার জন্য, কিছু রুটি তৈরি করার জন্য, আর চুলায় পিষ্টক তৈরি করার জন্য বলেন। তা বাইরে এনে পরিবেশন করলেন। যখন তারা সেখানে বসে ছিলেন, খাচ্ছিলেন, তারা লক্ষ্য করতে শুরু করলেন, এই লোকটি সদোমের দিকে তাকিয়ে আছেন। আর তিনি বললেন...

70 তাদের মধ্যে দুজন, আপনাদের মনে আছে, সদোমে চলে যান। দুজন সদোমে চলে যান। অনুগ্রহ করে এটা ছেড়ে দিবেন না। যীশু যা বলেছেন আমি তা উল্লেখ করছি। তাদের মধ্যে দুজন লোটকে আর যা কিছু বেরিয়ে আসার জন্য প্রস্তুত ছিল তাদের বের করে আনার জন্য সদোমে গিয়েছিলেন। আর যে দুজন সেখানে গিয়েছিলেন, তাঁরা সেখানে গিয়ে প্রচার করলেন। (আর সেখানে একজন অব্রাহামের সাথে অবস্থান করছিলেন। তিনি যে চিহ্নটি করেছিলেন তা দেখুন।) তারা সেখানে একটি চিহ্ন পেয়েছিল, সেখানে ছিল...সদোমবাসীদের অন্ধত্ব দ্বারা আঘাত করা হয়েছিল। সুসমাচার প্রচার সবসময় অবিশ্বাসীদের অন্ধ করে দেয়। আর এটা কি করেছে তা লক্ষ্য করুন।

71 এখন, এখানে একজন দাঁড়িয়ে আছেন এবং অব্রাহামের সামনে একটি চিহ্ন তৈরী করলেন।

72 এখন, আপনারা কি কখনও লক্ষ্য করেছেন? যে কোন ঐতিহাসিক, শাস্ত্র অনুসরণ করেন, ইতিহাস অনুসরণ করেন, মন্ডলীর যুগে এমন একটি সময় কখনও আসেনি যেখানে একজন ব্যক্তি পৃথিবীতে নামমাত্র গীর্জায় গিয়েছেন, ধর্মসম্প্রদায়ের মধ্যে, আগে কখনও এমন কোন ব্যক্তি ছিলেন না যার নাম অব্রাহাম, হা-ম, এর মতো করে শেষ হয়। কিন্তু আজ তারা একজন পেয়েছেন, গ্রা-হা-ম। সেটা ঠিক। সেখানে গিয়ে, তাদের ডেকে বের করে। তিনি এর দ্বারা একটি দুর্দান্ত কাজ করছেন। গ্রাহাম, বিলি গ্রাহাম, ধর্মসম্প্রদায়, রাজনীতিবিদ, এবং আরও অনেকের মধ্যে ঈশ্বরের সেবক, এটা চূর্ণবিচূর্ণ করছে।

73 অন্য দিন যখন তারা তাকে প্রেসিডেন্ট পদে প্রতিদ্বন্দ্বিতা করতে বলেছিলেন, তিনি স্পষ্টভাবে তা প্রত্যাখ্যান করেছিলেন। ঈশ্বর, তাকে এর জন্য আশীর্বাদ করুন। কেন, তাদের হুইস্কি কোম্পানি, তিনি কখনই প্রথম বেসে উঠতে পারেনি যেমনটা ছিল। তারা বিলিয়ন বিলিয়ন ডলার খরচ করত, কারণ তিনি যেকোন ভাবেই হোক সেগুলিকে বের করে দিতেন, সিগারেট কোম্পানিগুলি এবং ঐরকম বিষয়গুলি। দেখুন, তিনি সদোমবাসীদের কাছে ঈশ্বরের বার্তাবাহক হিসাবে আছেন। ঠিক তাই।

74 কিন্তু মনে রাখবেন, সেখানে একজন ছিলেন যিনি সেখানে অব্রাহামের সাথে ছিলেন, অন্য একজন পুরুষ, তারা দুজন নয় যারা সেখানে গিয়েছিলেন একজন আধুনিক ধর্মপ্রচারকদের মতো যারা সেখানে প্রচার করতে গিয়েছিলেন। লক্ষ্য করুন, সেখানে একজন থেকে গিয়েছিলেন। দুজন *সেই* পথে নেমে গেলেন, আর একজন

এখানে অব্রাহামের সঙ্গে থাকলেন। আর যিনি অব্রাহামের সাথে ছিলেন তিনি তাকে একটি চিহ্ন দেন।

75 এখন দেখুন, তার নাম "অব্রাম" ছিল এবং তার স্ত্রী ছিল "সারী।" তার মাত্র দু-একদিন আগে, ঈশ্বর তাকে দেখা দিয়েছিলেন এবং তাকে বলেছিলেন, "আমি এখন তোমার নাম অব্রাম থেকে পরিবর্তন করে অব্রাহাম করছি।" (দেখুন, জি-আর-এ-এইচ-এ-এম হল ছয়টি অক্ষর, পুরুষ।) কিন্তু এ-ব-আর-এ-এইচ-এ-এম হল সাত, সাতটি অক্ষর; এইচ-এ-এম, এইচ-এ-এম দিয়ে শেষ।

76 এখন, এখানে আধ্যাত্মিক মন্ডলীতে, অব্রাহামের কাছে একজন ছিলেন, এবং লক্ষ্য করুন তিনি কি বলেছিলেন। তিনি বলেছিলেন, "অব্রাহাম," ("অব্রাম" নয়) "অব্রাহাম, তোমার স্ত্রী কোথায় ?" ("সা-রী" নয়) "সা-রা ? তোমার স্ত্রী সারা কোথায় ?"

77 দেখুন তিনি কি বলেছিলেন, "সে আপনার পিছনে তাম্বুতে আছে।"

78 আর তিনি বললেন, "আমি তোমার কাছে ফিরিয়া আসিব। আমি তোমার কাছে ফিরিয়া আসিতেছি।" সেই ব্যক্তিগত সর্বনামটি দেখুন, যিনি এক, তিনি যে প্রতিশ্রুতি দিয়েছিলেন সেই অনুসারে। তিনি ঈশ্বর ছিলেন ! তিনি বললেন, "আমি তোমার কাছে ফিরিয়া আসিব।"

79 আর সারা, (একটি দৃষ্টিকোণ থেকে যা আমরা সবাই বুঝতে পারি) মনে মনে হাসলেন, নিজের প্রতি, সে বলেছিল, "আমি, একজন বুড়ি, শত বছর বয়সী, আমার প্রভু" (যিনি অব্রাহাম ছিলেন) "সেও বৃদ্ধ, জীবনের অতীত সময়ে তরুণ ব্যক্তিদের মত।" বলেছিলেন, "কেন, আমরা আর সেরকম আনন্দ পেতে পারি না, আমি বৃদ্ধা আর তিনি বৃদ্ধ।" আর বলেছিলেন, "আমরা তা পেতে পারি না।" আর বলেছিলেন, "কিভাবে ? এই বিষয়গুলি হতে পারে না !"

80 আর—আর সেই পুরুষ (ঈশ্বর দেহধারন করে) বললেন, "সারা কেন সন্দেহ করলেন এবং হাসলেন, এইসব কথা বলে ?" তাম্বুতে, তার পিছনে।

81 এখন দেখুন, যদি যীশু খ্রীষ্টের সেই একই সেবা কার্য না হয় ! তিনি দর্শকদের দিকে তাকালেন এবং তাদের চিন্তাভাবনা বুঝতে পারলেন। তিনি পিতরকে বলেছিলেন তিনি কে এবং তার পিতার নাম কি। নথনেলকে বলেছিলেন।

82 কূপের পাশে মহিলাকে বলেছিলেন, যখন সে বলেছিল...তিনি বলেছিলেন, "যাও আমার জন্য পানীয় নিয়ে আসো," অথবা "আমাকে পান করিবার জল দেও।"

83 সে বলেছিল, "মহাশয়, আপনার সাথে কথা বলা প্রথা নয়... আপনি যিহূদী, শমরীয়দের সাথে কথা বলে না। আমাদের একে অপরের সাথে কোন ব্যবহার নেই।"

84 তিনি বলেছিলেন, "কিন্তু তুমি যদি জানতে তুমি কার সাথে কথা বলছো, তুমি আমার কাছে পানীয়ের জন্য জিজ্ঞাসা করতে।" কথাবার্তা চলতে থাকলো। তিনি বললেন, "যাও তোমার স্বামীকে এখানে নিয়ে এসো।"

মহিলাটি বলল, "আমার স্বামী নেই।"

তিনি বললেন, "তুমি ভালই বলেছো, তোমার পাঁচজন ছিল।"

মহিলাটি বলল, "মহাশয়!"

85 সেটা এবং তাদের মধ্যে পার্থক্য দেখুন—সেই সময়ের যাজকরা, সেই মহাসভা অন্য দিনের এক প্রতিফলনে বাস করছিলো। তারা বলেছিলেন, "ইনি শয়তান!" তাদের মণ্ডলীর কাছে কিছু একটা জবাব দিতে হয়েছিল, কারণ তার প্রয়োজন ছিল।

86 কিন্তু এই দরিদ্র মহিলাটি কী করেছিলেন, তার হৃদয়ে যে পূর্বনির্ধারিত বীজ ছিল...সে অসুস্থ এবং ক্লান্ত হয়ে পড়েছিল, সে বেশ্যা হয়ে রাস্তায় নেমেছিল। কিন্তু যখন সে এটা দেখলো, সে বলল, "মহাশয়, আমি দেখিতেছি যে আপনি ভাববাদী। চারশ বছর ধরে আমাদের একজনও নেই, আর আমাদের বলা হয়েছে যে যখন মশীহ আসবেন তখন তিনি এই কাজগুলি করবেন।" হে, আমার! সেই বীজটি সেখানে শুয়ে ছিল জীবনে ঝাঁপিয়ে পড়ল! কেন? তার কোন ব্যাখ্যার প্রয়োজন ছিল না।

87 যীশু বললেন, "আমিই তিনি যিনি তোমার সাথে কথা বলছেন।" তার কোনো ব্যাখ্যার প্রয়োজন ছিল না। তিনি অলৌকিক কাজ করেছিলেন এবং সাক্ষ্য দিয়েছিলেন যে তিনিই সেই মশীহ, আমেন, আর ঈশ্বর যা প্রতিশ্রুতি দিয়েছিলেন ঠিক তা করেছিলেন ("তোমার ঈশ্বর সদাপ্রভু আমার সদৃশ এক ভাববাদী উৎপন্ন করিবেন," মোশি বলেছিলেন)। এটা কি ছিল? শাস্ত্রের একটি প্রমাণ!

88 সে নগরে দৌড়ে গেল, আর বলল, "আইস, একটী মানুষকে দেখ, আমি যাহা কিছু করিয়াছি, তিনি সকলই আমাকে বলিয়া

দিলেন। তিনিই কি সেই খ্রীষ্ট নহেন? ইনিই কি তিনি নন? তিনি আমাকে বলেছেন আমি কি করেছি।”

89 এখন লক্ষ্য করুন, যীশু, সেই মানুষটিতে তিনিই ছিলেন যিনি তার পিঠ তাম্বুর দিকে করে ছিলেন এবং সারা তাম্বুর ভিতরে কী ভাবছিলেন তা বলেছিলেন।

90 ঈশ্বরের বাক্য বলে, ইব্রীয়, তার ৪র্থ অধ্যায়, যে...তিনি বলেন, “কেননা ঈশ্বরের বাক্য জীবন্ত ও কার্য্যসাধক, এবং সমস্ত দ্বিধার খড়্গ অপেক্ষা তীক্ষ্ণ, এবং প্রাণ ও আত্মা, গ্রন্থি ও মজ্জা, এই সকলের বিভেদ পর্য্যন্ত মর্ম্মবেধী, এবং হৃদয়ের চিন্তা ও বিবেচনার সূক্ষ্ম বিচারক।” এটা বাক্য! আর যখনই একজন ভাববাদী আসেন, তিনি বাক্য নিয়ে আসেন। আর তিনি সেই যুগের জন্য বাক্য ছিলেন। আর তিনি কি করেছিলেন? একজন ভাববাদী যিনি হৃদয়ে চিন্তাগুলিকে বুঝতে পেরেছিলেন৷

91 এটা যীশু খ্রীষ্টের মধ্যে সম্পন্ন হয়েছিল কারণ তিনি বাক্যর পূর্ণতা ছিলেন।

92 আর যীশু বলেছেন, “সদোমের দিনে যেমন হয়েছিল, মনুষ্যপুত্রের আগমনেও তেমনই হবে৷” ঈশ্বরের আত্মা পৃথিবীতে মানুষের দেহধারন করে আসবেন, ঈশ্বর মানুষের দেহধারন করলেন (আমেন! আপনি কি এটা দেখতে পাচ্ছেন?), আর একই কাজ করবেন যা ঈশ্বর সদোমে মানুষের দেহধারন করে করেছিলেন৷ মনে রাখবেন, তারা একটি প্রতিশ্রুত পুত্রের জন্য অপেক্ষা করছিল। আর, ঠিক তার পরেই, প্রতিশ্রুত পুত্র এলেন। এটাই ছিল শেষ চিহ্ন যা সদোম এবং, আহ্, অব্রাহামের দল প্রতিশ্রুত পুত্রের আগমনের আগে দেখেছিল। আপনি কি এটা লক্ষ্য করেছেন? আর এখন আধ্যাত্মিক মন্ডলী সেই সময়ে এসেছে।

93 কেউ বলেছিলেন, “ভাই ব্রানহাম, আপনি কি বললেন ‘তিনি ঈশ্বর ছিলেন’?”

94 বাইবেল বলে, তিনি ঈশ্বর ছিলেন! এর কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই। তিনি এলোহিম। অব্রাহাম তাকে তাই বলে ডেকেছিলেন। যে কোন বাইবেল পাঠক তা জানেন। *এলোহিম*, “একজন সর্ব-শক্তিমান।” তিনি প্রথম ও শেষ; আদি এবং অন্ত। এলোহিম! অব্রাহাম তাকে বলেছিলেন “এলোহিম।” *ঈশ্বর*, বড় অক্ষরে, হিব্রু ভাষায়, *এলোহিম*; ঠিক যেমন, “আদিতে ঈশ্বর,” এলোহিম।

95 তিনি এলোহিম ছিলেন দেহধারন করেছিলেন, মানুষের পোশাক পরিধান করেছিলেন, মানুষের খাবার খেয়েছিলেন। আমেন! একটি চিহ্ন যে শেষ সময়ে ঈশ্বর পুনরায় মানুষের মাঝে দেহধারন করবেন! আমেন! যীশু বলছেন, "আমি যে সকল কার্য্য করিতেছি, তোমরাও করিবে। সদোমের দিনে যেরূপ হইয়াছিল, মনুষ্যপুত্রের আগমনও তদ্রূপ হইবে।" আমেন! এর কোনো ব্যাখ্যার প্রয়োজন নেই; এর প্রকাশের দরকার আছে, এটাই এর প্রয়োজন আছে। আমেন। আপনি কি এটা বিশ্বাস করেন?

আসুন আমরা মাথা নত করি।

96 আমাদের স্বর্গীয় পিতা, আমরা আপনাকে আজ রাতে আপনার প্রতিশ্রুতি দিচ্ছি যে আপনি এই বিষয়গুলি বলেছেন। আপনি তাদের প্রতিশ্রুতি দিয়েছেন। আপনি ছাড়া কেউ আপনার বাক্যকে জীবিত করতে পারে না। আপনি বলেছেন, "দীপ্তি হউক," আর সেখানে দীপ্তি হল। কাউকে ব্যাখ্যা করার দরকার নেই, এটা উদ্ভাসিত হয়েছিল।

97 আমরা যেমন যিশাইয় ভাববাদীর পুস্তক উদ্ধৃত করেছি, "এক কন্যা গর্ভবতী হইবে," সে হয়েছে; কোন প্রকাশের প্রয়োজন নেই, সে এটা করেছে। সেটাই হয়েছে।

98 আপনি বলেছিলেন, তিনি যখন আসবেন তখন তিনি বৈৎলেহমে জন্মগ্রহণ করবেন, "বৈৎলেহম থেকে, যিহূদা দেশের। তুমি যিহূদার অধ্যক্ষদের মধ্যে কোন মতে ক্ষুদ্রতম নও, ইস্রায়েলের? কারণ তোমা হইতে সেই অধ্যক্ষ উৎপন্ন হইবেন, যিনি আমার প্রজা ইস্রায়েলকে পালন করিবেন।"

99 তিনি যে সকল বিষয় করবেন, তিনি চিৎকার করবেন, তিনি কিভাবে নিন্দিত হবেন, তার পা এবং তার হাত বিদ্ধ করবেন; "কিন্তু তিনি আমাদের অধর্ম্মের নিমিত্ত বিদ্ধ, আমাদের অপরাধের নিমিত্ত চূর্ণ হইলেন; আমাদের শান্তিজনক শাস্তি তাঁহার উপরে বর্ত্তিল; এবং তাঁহার ক্ষত সকল দ্বারা আমাদের আরোগ্য হইল।"

100 কেমন করে দায়ূদ বলেছিলেন, "আমি তোমার প্রাণ পাতালে পরিত্যাগ করিব না, আমি নিজ পবিত্রজনকে ক্ষয় দেখিতে দিব না।" আর তৃতীয় দিনে, তার শরীরকে কলুষিত করার বাহাত্তর ঘন্টা আগে, ঈশ্বরের বাক্য বলেছিল, "তিনি উঠিবেন।" (তারা বলেছিলেন যে তারা তার দেহ চুরি করেছে; তারা আজ পর্যন্ত বিশ্বাস করে।) কিন্তু আমরা বিশ্বাস করি, প্রভু, আপনার বাক্য! এটা উদ্ভাসিত হয়েছিল।

যীশু খ্রীষ্ট উঠেছিলেন এবং তিনি বলেছেন, “আমি...আর দেখ, আমিই যুগান্ত পর্য্যন্ত প্রতিদিন তোমাদের সঙ্গে সঙ্গে আছি।”

101 আমরা বিশ্বাস করি যে আপনি আজ রাতে এখানে আছেন। আমরা বিশ্বাস করি যে আপনি আজ রাতে এখানে যীশু খ্রীষ্টের মতোই আছেন, যেমন আপনি ছিলেন। আর আপনি শুধু চোখ, হাত, পা, মুখ, প্রাণ, দেহ খুঁজছেন যা আপনি নিজেকে প্রকাশ করতে ব্যবহার করতে পারেন। ঈশ্বর, আজ রাতে আমাদের পবিত্র করুন, যাতে আমরা আমাদের মধ্যে জীবিত যীশু খ্রীষ্টকে দেখতে পাই। তাকে আসতে দিন! তখন এটা ঘটবে, যেমন সেই গ্রীকদের ক্ষুধার মত যারা সেদিন এসে বলেছিল, “মহাশয়, আমরা যীশুকে দেখিতে ইচ্ছা করি।” আর তারা তাকে দেখতে পেয়েছিলেন। ওহ, যখন তারা তাঁর দিকে তাকান তখন নিশ্চয়ই রোমাঞ্চকর ছিল!

102 ঈশ্বর, আপনি আজও একই। আর আপনি প্রতিশ্রুতি দিয়েছেন যে আমরা ক্ষুধার্ত হলে আমরা আপনাকে দেখতে পাব। “আর অল্প কাল গেলে জগৎ আর আমাকে দেখিতে পাইবে না” (অবিশ্বাসীরা); “কিন্তু তোমরা দেখিতে পাইবে, কারণ আমি তোমাদের সাথে থাকিব, এমনকি তোমাদের মধ্যে, পৃথিবীর শেষ পর্যন্ত।” আমরা জানি যে আপনি কল্য, অদ্য এবং অনন্ত কাল একই আছেন।

103 প্রভু, বাক্য প্রচার করা হয়েছে, এটা লেখা রয়েছে, এখন এটা পূরন করুন, ঈশ্বরের গৌরবের জন্য, দেখাতে যে তিনি তাঁর বাক্য রাখেন। আমেন। ঈশ্বর আপনাদের আশীর্বাদ করুন।

104 আমি প্রার্থনার লাইন ডাকতে যাচ্ছি। আমি বিশ্বাস করি বিলি বলেছে যে সে প্রার্থনার কার্ড বিতরণ করেছে, এক থেকে একশ পর্যন্ত, অথবা এই রকম কিছু। সে এখন এখানে নেই। কত...প্রার্থনার কার্ড নম্বর কত...কেউ আপনার পিছন দিকে দেখে...এটা—এটা একটি সংখ্যা আর একটি—আর একটি অক্ষর (এ, বি, সি, ডি, অথবা...)। এটা কি, এ? ঠিক আছে।

105 আসুন আমরা এ-দের নিয়ে আসি, এক, দুই, তিন, চার, পাঁচ নম্বর। ঠিক এইভাবে দাঁড়ানো শুরু করুন। এ, এক নম্বর, দুই নম্বর, তিন নম্বর, চার নম্বর। চার, আমি কাউকে দাঁড়াতে দেখিনি। প্রার্থনা কার্ড নম্বর চার। এক, দুই, তিন। প্রার্থনা...হয়তো সে উঠে দাঁড়াতে পারে না। যদি সে না পারে, কেউ আপনার প্রতিবেশীর কার্ডটি দেখুন, তার কাছে একটি কার্ড থাকতে পারে আর সে দাঁড়াতে পারে না। এখন তাড়াতাড়ি। সেখানে এটা আছে, চার। পাঁচ, প্রার্থনা কার্ড নম্বর পাঁচ। ছয়, সাত, আট, নয়, দশ, এগারো, বারো। এখন

আপনার নম্বর যখন ডাকা হচ্ছে এখানে আসা শুরু করুন। এক, দুই, তিন নম্বর, ঠিক এইভাবে চলে আসুন। প্রার্থনা কার্ড নম্বর এক, দুই, তিন, চার, পাঁচ, ছয়, সাত, আট, নয়, দশ, এগারো, আপনাদের স্থান নিন। এগারো, বারো, তেরো, চৌদ্দ, পনেরো, ষোল, সতেরো, আঠারো, উনিশ, বিশ, একুশ, বাইশ, তেইশ, চব্বিশ, পঁচিশ। কেউ পারেন না...

106 আমি সেখানে এক যুবককে হুইলচেয়ারে দেখতে পাচ্ছি। যদি আপনার নম্বরে ডাকা হয়ে থাকে, বালক, আর—আর যদি আপনি আসতে না পারেন...ঠিক আছে, শুধু আপনার হাত ধরুন, আমরা দেখব আপনাকে এখানে নিয়ে আসার ব্যবস্থা করব। বুঝলেন ?

107 এখানে কতজনের কাছে প্রার্থনা কার্ড নেই আর আপনি অসুস্থ ? আপনার হাত দেখান, যে কোন জায়গায়। ঠিক এখানে, এটা ঠিক, আপনার হাত উপরে তুলুন। আপনি কি বিশ্বাস করেন ? যখন তারা তাদের একত্র করছে, আপনি কি এটা বিশ্বাস করেন, যে তিনি কাল, আজ এবং অনন্ত কাল একই ? কতজন ? এই সেবকদের দেখুন; শাস্ত্র কি বলে না আজ, ভাইয়েরা, যে তিনি একজন মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভূতির দ্বারা স্পর্শ করতে পারি ? এটা কি সঠিক ? কতজন বিশ্বাস করেন, আপনার হাত উপরে তুলুন ? তিনি একজন মহাযাজক যাকে আমাদের দুর্বলতার অনুভূতি দ্বারা স্পর্শ করা যায়।

108 তারপর যদি বাইবেল বলে, “তিনি কল্য, অদ্য এবং অনন্ত কাল একই আছেন,” কতজন এটা বিশ্বাস করেন ? তাহলে আজ তিনি কেমন আচরণ করবেন ? তাকে গতকালের মতো আচরণ করতে হবে। এটা কি সঠিক ? তিনি আজ রাতে কোথায় আছেন ? মহিমার দক্ষিণ পাশে বসে, তাঁর শরীর; পবিত্র আত্মা এখানে ভবনে উপস্থিত আছেন, তাঁকে প্রকাশ করার জন্য।

109 লক্ষ্য করুন, এখন দেখুন। সেখানে কোন একজন মহিলা একদিন তাঁর পোশাক স্পর্শ করলে কী ঘটেছিল ? তার কাছে প্রার্থনা কার্ড ছিল না, আমরা বলব, কিন্তু সে তার পোশাক স্পর্শ করেছিল। আর যখন সে তাঁর পোশাক স্পর্শ করলো, তখন যীশু ঘুরে দাঁড়ালেন এবং বললেন, “কে আমাকে স্পর্শ করেছে ?”

110 পিতর তাকে ধমক দিয়ে বললেন, “কেন, নাথ, এটা ঠিক বিচক্ষণের মত শোনাচ্ছে না। কেন, সবাই আপনাকে স্পর্শ করার চেষ্টা করছে। কেন বলছেন, ‘কে আমাকে স্পর্শ করিল ?’”

111 তিনি বললেন, “কেননা আমি টের পাইয়াছি আমা হইতে শক্তি বাহির হইল।” কতজন সেটা জানেন ? *সদ্‌গুণ*, যার অর্থ “শক্তি,”

তার কাছ থেকে চলে গেছে। "আমি দুর্বল হয়ে পড়েছি, কেউ আমাকে অন্যরকম স্পর্শ করেছে।" আর তিনি দর্শকদের দিকে ঘুরে দাঁড়ালেন তাকালেন যতক্ষণ না তিনি বিশ্বাসের সেই গতিপথটি খুঁজে পান।

112 সবাই তাকে স্পর্শ করছিল, "হে রব্বি, আমরা আপনাকে বিশ্বাস করি," আর এই সবকিছু।

113 কিন্তু সেখানে কেউ ছিলেন যিনি সত্যিই এটা বিশ্বাস করেছিলেন। আর তিনি তাঁর পোশাক স্পর্শ করেছিলেন এবং বিশ্বাস করেছিলেন যে তিনি সুস্থ হয়েছেন, কারণ সে মনে মনে বলেছিল যদি সে এটা করতে পারে এটা হবে।

114 তিনি ঘুরে দর্শকদের দিকে তাকালেন যতক্ষণ না তিনি তাকে খুঁজে পান, আর তিনি বললেন...তাকে বললেন যে তার রক্তস্রাবের সমস্যা বন্ধ হয়ে গেছে এবং সে সুস্থ হয়ে গেছে। এটা কি সঠিক? এখন, শ্রোতাদের মধ্যে তিনি এই ভাবেই করেছেন।

115 এখন, আমি দাবি করছি যে তিনি মৃত নন, তিনি আজকে ঠিক ততটাই জীবিত আছেন যতটা তিনি ছিলেন। আর বাইবেল বলে, যীশু স্বয়ং বলেছেন, "আর সদোমের সময়ে যেরূপ হইয়াছিল, মনুষ্যপুত্রের সময়েও তদ্রূপ হইবে।"

116 এখন দেখুন, এটা কোন ব্যপার না ঈশ্বর এখানে কোন ধরনের দান রেখেছেন, এর সাড়া দেওয়ার জন্য এখানে একজনকে থাকতে হবে। তিনি একটি শহরে গিয়েছিলেন, বাইবেল বলে, "তাদের অবিশ্বাসের জন্য তিনি অনেক কিছুই করতে পারেননি।" এটা কি সঠিক? আজও একই বিষয়। আপনাকে তাকে বিশ্বাস করতে হবে। আপনাকে শুধু তাকে বিশ্বাস করতে হবে। এটাই একমাত্র উপায় আপনি করতে পারেন।

117 প্রার্থনা লাইন কি প্রস্তুত? এখন, সবাই প্রায় দশ মিনিটের জন্য শ্রদ্ধা করে। জানি না আমি সেখান সম্পূর্ণ করতে পারবো কিনা, প্রায় পঁচিশ অথবা ত্রিশ জন দাঁড়িয়ে আছেন। কিন্তু এখন, প্রার্থনা লাইনে, প্রার্থনা লাইনে আপনারা প্রত্যেকে জানেন যে আমি আপনাদের কাছে অপরিচিত, আর আমি আপনাদের সম্পর্কে কিছুই জানি না, আপনাদের হাত উপরে তুলুন। প্রার্থনার লাইনে প্রত্যেকজন।

118 এখন দর্শকদের মধ্যে, যারা জানেন যে আমি আপনাদের সম্পর্কে কিছুই জানি না, আপনারা হাত উপরে তুলুন। এখন, এখন, এখানে আমি যা বলার চেষ্টা করছি, বন্ধুরা, দেখুন। এখন, এটা এখানে। এই সকল সেবকরা এখানে মঞ্চে। আর খ্রীষ্ট এই প্রতিশ্রুতি

দিয়েছেন। দেখুন, এটা লেখা রয়েছে। যখন এটা পূর্ণ হবে? শেষ সময়ে, প্রভুর আগমনের ঠিক আগে। এটা কি সঠিক? তখন এটা পূর্ণ হবে।

119 এখন, এটি সেই বাক্য যা আজ ভবিষ্যদ্বাণী করা হয়েছে। লুথারের আলো নয়; ওয়েসলির আলো নয়; এমনকি পেন্টিকোস্টাল আলোও নয়। এটা এখন রাস্তা ধরে উপরে চলে গেছে। এখন, লুথার ঠিক আছে; মেথডিস্ট ঠিক আছে; ব্যাপটিস্ট ঠিক আছে; তাদের সবাই, পেন্টিকোস্টাল, ভালো। আজ রাতে এখানে সব ধরনের বসে আছে। এটা নয়—এটা নয়—এটা ব্যক্তি নয়। তাহলে কি...

120 আপনি কখনো একজন মেথডিস্টকে লুথারের সম্পর্কে কিছু বলতে পারবেন না, কারণ তিনি পবিত্রতায় বিশ্বাস করেন আর লুথার বিশ্বাস করেন না। বুঝেছেন?

121 আপনি একজন পেন্টিকোস্টালকে বলবেন না "পবিত্রতাই সব," তারা দানের পুনরুদ্ধার দেখেছেন। সে এটা বিশ্বাস করবে না। না, সে তার চেয়ে বেশি পেয়েছে। বুঝেছেন? আর এটাই আমাদের শেষ মন্ডলীর যুগ, আর বাইবেল বলে আর কোন মন্ডলীর যুগ নেই।

122 কিন্তু সেখানে লোকদের সমাবেশ হতে হবে, দেখুন, আর আমরা এখানে আছি। এখন, মনে রাখবেন, শেষ চিহ্ন। আমরা কি প্রতিশ্রুত পুত্রের সন্ধান করছি? আপনাদের হাত উপরে তুলুন। আপনি কি বিশ্বাস করেন যে আপনি খ্রীষ্টের মধ্যে থেকে অব্রাহামের বংশধর? আপনার হাত উপরে তুলুন। তাহলে, অব্রাহামের বংশ, আপনার চিহ্ন গ্রহণ করুন! এটা বাইরে ব্যাবিলনে নেই, এটা সেখানে সাম্প্রদায়িক বিশ্বে নেই। এটা এখানে আপনার মধ্যে রয়েছে, যারা সেখানে এই বিশৃঙ্খলায় নেই। এটা বিশ্বাস করুন!

123 এখানে একজন মহিলা, তিনি আমার কাছে সম্পূর্ণ অপরিচিত, একই বয়সের কাছাকাছি কোথাও। আমি আমার জীবনে সেই মহিলাকে দেখিনি। যদি আমি সেই মহিলাকে সুস্থ করতে পারি তবে আমি তা করব, যদি সে অসুস্থ হয়। আমি তার সম্পর্কে কিছুই জানি না। আপনি কি কয়েক মিনিট আগে তাকে তার হাত উপরে তুলতে দেখেছেন? আমি—আমি তাকে কখনো দেখিনি। তিনি সেখানে দাঁড়িয়ে থাকা একজন মহিলা মাত্র।

124 আজ তারা এখানে একগুচ্ছ প্রার্থনা কার্ড নিয়ে এসেছে, সেগুলিকে মিশ্রিত করে লোকেদের দিয়ে দিয়েছে। একজন এখানে এক নম্বর পেয়েছেন, আর সেখানে দশ নম্বর, পনেরো নম্বর, সাত

নশ্বর, নশ্বর...এমনি করে। তারা সকলে মিশ্রিত, ঠিক আপনার সামনে, প্রতিদিন। আর যখন তাদের ডাকা হয়, তখন সব জায়গা থেকে তাদের ডাকা হয়। বুঝেছেন? আর, এখন, আপনার কাছে প্রার্থনা কার্ড থাকার প্রয়োজন নেই, শুধু সেখানে বসে বিশ্বাস করুন। কেন না...

125 আজ রাতে নিজেকে চিমটি কাটুন, আসুন আমরা যে সময়ে বাস করছি তা খুঁজে বের করি। দেখুন? এখন, এটাও প্রায় শেষ, মিত্র। প্রায় শেষ!

126 এখন, অব্রাহামের ঈশ্বর যদি যীশু খ্রীষ্টকে মৃতদের মধ্য থেকে পুনরুত্থিত করেন, আর সেই যীশু প্রতিশ্রুতি দিয়েছেন যে শেষ দিনেও একই লক্ষণ রয়েছে যেটা অব্রাহাম...যে সেই দূত (যিনি মানবদেহে ঈশ্বর ছিলেন) অব্রাহামের আগে, প্রতিশ্রুত পুত্রের আগমনের ঠিক আগে, যীশু বলেছেন একই বিষয় আজও ঘটবে।

127 এখন, আমরা দেখতে পাচ্ছি পরমাণু এবং ধর্মসম্প্রদায়, আর এগুলি, আর তারা যে বিশৃঙ্খলায় আছে। আমরা অদূরে একজন বিলি গ্রাহামকে দেখতে পাই, এবং ওরাল রবার্টস, আর তাদের সমস্ত লোক সেখানে রয়েছে; পেন্টিকোস্টাল বার্তাবাহক এবং ধর্মসম্প্রদায়ের বার্তাবাহক সেখানে, আমরা দেখতে পাচ্ছি যে সমস্ত কিছু ঘটছে, চিহ্নটি বহন করছে। বিলি গ্রাহাম, একজন সঠিক ধর্মতাত্ত্বিক, ধর্মসম্প্রদায় যা বিশ্বাস করে। ওরাল রবার্টস, একজন বিন্দুতে নিরাময়কারী, ঠিক যেমন পেন্টিকস্ট...

128 কিন্তু এখানে দেখুন, অব্রাহামের বংশের কাছে অন্য কিছুর প্রতিশ্রুতি আছে। তারা সেখানে নিচে তাদের ধর্মসম্প্রদায়ের মধ্যে আছে; ধর্মসম্প্রদায়ের *বাইরে* কিছু হওয়ার কথা আছে, লোকদের একত্রিত করা। আমরা এটি আগামীকাল রাতের জন্য ছেড়ে দেব।

129 দেখুন, আমি ওই মহিলাকে চিনি না। আমি তার দিকে ফিরে যাব। যদি প্রভু ঈশ্বর সেই মহিলাকে কিছু বলেন, এটা হতে পারে—এটা ঘরোয়া, হয়তো এটা আর্থিক, হয়তো এটা অসুস্থতা; আমি জানি না। সে জানতে পারে এটা সত্য কি না।

130 তিনি যদি আজ রাতে সেই একই কাজ করেন যা তিনি তখন করেছিলেন, আপনি কি ঈশ্বরকে বিশ্বাস করবেন...যে যীশু খ্রীষ্ট প্রতিজ্ঞা করেছিলেন শেষ সময়ে এখানে থাকবেন? কতজন বিশ্বাস করেন যে আমরা সদোমের মতো বাস করছি, যখন পুরো বিশ্ব সদোমবাসীদের মত অবস্থায় চলে গেছে? আজ রাতে আমি

আপনাকে যা বলেছি তা আপনাদের মধ্যে কতজন বিশ্বাস করেন? তাহলে, অব্রাহামের সন্তান ও বংশ, ঈশ্বরকে বিশ্বাস করুন!

131 এখন, তাই এটা আপনার মন থেকে বেরিয়ে যাবে যে আমি মহিলাকে কিছু বলার চেষ্টা করছি, তার মুখের দিকে তাকিয়ে, বা টেলিপ্যাথি সম্পর্কে সমস্ত বিষয় অথবা আপনি যা জানতে চান। কেউ যিনি টেলিপ্যাথি সম্পর্কে জানেন তার চেয়ে ভাল জ্ঞান থাকা উচিত। দেখুন? দেখুন? আপনি কি কখনও একজন টেলিপ্যাথিস্টকে সুসমাচার প্রচার করতে দেখেছেন? আপনি কি কখনও একজন আধ্যাত্মবাদীকে সুসমাচার প্রচার করতে দেখেছেন, লক্ষণ এবং আশ্চর্য কাজ করতে, যীশু খ্রীষ্টকে একই ঘোষণা করতে? না।

132 দেখুন, এটা ঠিক...এটা মানুষের মন। দেখুন, তারা অন্ধ। আপনি কি বিশ্বাস করেন যে তারা অন্ধ হতে পারে? বাইবেল বলেছে তারা হবে। এটা কি ঠিক? "প্রচণ্ড, অহঙ্কারী, ঈশ্বরপ্রিয় নয়, বরং বিলাসপ্রিয়, শান্তি ভঙ্গকারী, অপবাদক, অজিতেন্দ্রিয়, সদ্‌বিদ্বেষী, লোকে ভক্তির অবয়বধারী, কিন্তু তাহার শক্তি অস্বীকারকারী হইবে।"

133 মথি ২৪:২৪-এ যীশু কি বলেননি, যে শেষ সময়ে দুই আত্মা মনোনীতদিগকেও ভুলাইতে পারে, যদি এটা সম্ভব? কিন্তু তা সম্ভব না। তারা শুরুতে ঈশ্বরের চিন্তায় ছিল, এবং তারা ঈশ্বরের একটি অংশ।

134 এখন, অব্রাহাম, ইস্‌হাক এবং যাকোবের ঈশ্বর, আজ রাতে যেন ব্যক্ত করেন যে আমি আপনার সম্পর্কে সত্য বলছি। এটা আপনি, প্রভু। নম্রভাবে আপনার দাসদের তাদের নিজস্ব চিন্তাভাবনাকে পথ থেকে সরিয়ে দিতে সক্ষম করুন, যেন আপনি আপনার মহিমা জন্য আমাদের শরীর ব্যবহার করতে পারেন। ঈশ্বরের পুত্র, যীশুর নামে। আমেন।

135 একটি দান কি? এমন কিছু নয় যা আপনি গ্রহণ করেন এবং কেটে ফেলেন আর ফিরে যান। না, না। ঈশ্বর আপনাকে ব্যবহার করতে পারেন এমন পথ থেকে কীভাবে নিজেকে বের করে আনতে হয় তা জানা। একটি দান শুধুমাত্র নিজেকে বের করে নেওয়ার জন্য, তারপর ঈশ্বর তাকে ব্যবহার করেন।

136 আমার পিছনে থাকা ভদ্রমহিলাটি এখনই মারা যাবেন যদি সে সুস্থ না হয়। আমার পিছনের ভদ্রমহিলাটি জন্য সম্প্রতি অন্য একজন প্রার্থনা করেছেন। তার ক্যান্সার হয়েছে। ক্যান্সার তার বক্ষে এবং তার

ফুসফুসেও রয়েছে। আর তার জন্য সম্প্রতি প্রার্থনা করা হয়েছিল, এবং তিনি বিশ্বাসের মাধ্যমে এটা গ্রহণ করার চেষ্টা করছেন যে তিনি সুস্থ হয়েছেন। এটা **সদাপ্রভু এই কথা কহেন**! এটা কি সত্য, ভদ্রমহিলা? [মহিলা বলেন, "হ্যাঁ, এটা অবশ্যই সত্য।"—সম্পাদক।] যদি এটা হয়, নাড়ুন—দর্শকদের কাছে আপনার হাত নাড়ুন। অব্রাহামের ঈশ্বর এখনও বেঁচে আছেন! ঠিক আছে, আপনি যা বিশ্বাস করেন তা বিশ্বাস করুন এবং আপনি সুস্থ হয়ে উঠবেন। আমেন।

আপনারা কি বিশ্বাস করেন? আপনারা বলেন, "দর্শকদের কী হবে?"

137 এই মহিলা এখানে তার সাথে বসে আছে...সারির শেষে, দ্বিতীয় মহিলাটি ঠিক সেখানে। আমি যখন সেখানে ঘুরে তাকালাম তখন আমি কিছু একটা দেখতে পেলাম, তার হাতে পেঁচানো একটি জিনিস, রক্তচাপ পাম্প করছেন। তার উচ্চ রক্তচাপ আছে। এটা কি ঠিক, ভদ্রমহিলা? হাত তুলুন। আপনি যদি বিশ্বাস করেন, আপনার রক্তচাপ কমে যাবে। অব্রাহামের ঈশ্বর এখনও দৃশ্যে আছেন। তিনি ঠিক তেমনই আছেন যেমন ছিলেন, ঈশ্বরের বাক্য আজকের জন্য!

138 আপনি কেমন আছেন? আপনি এখন বিশ্বাস করেন? ঈশ্বরে বিশ্বাস রাখুন! মনে হচ্ছে একজন শিশু। ঈশ্বর আপনার হৃদয় জানেন, যুবতী, আমি জানি না। তুমি কি বিশ্বাস করো যে ঈশ্বর আমার কাছে প্রকাশ করতে সক্ষম কী ভুল হয়েছে? যদি আমি পারি তুমি কি তাকে বিশ্বাস করবে? এটা তোমার জন্য নয়, এটা অন্য কারো জন্য, সে তোমার ভাই। আর সে খুব গুরুতর ভাবে অসুস্থ, আর সে এখানে উত্তরে একটি শহরে আছেন, তুলারে। আর সে একটি হাসপাতালে আছেন, এবং তার লিউকেমিয়া হয়েছে, এবং ডাক্তাররা তাকে মৃত্যুর জন্য ছেড়ে দিয়েছেন। কোনো আশা নেই। সেটা ঠিক। তুমি কি বিশ্বাস কর? [মহিলা, কাঁদতে কাঁদতে বলেন, "হ্যাঁ।"—সম্পাদক।] ঠিক আছে। তোমার হাতে কি আছে? এটা নিয়ে যাও আর তার উপর রাখো। সন্দেহ করবে না, বিশ্বাস করো। আমেন।

139 আপনি বিশ্বাস করেন? আমি আমার জীবনে কখনও ভদ্রমহিলাকে দেখিনি। কিন্তু ঈশ্বর ঈশ্বরই আছেন! এখন, আমাকে বলুন একজন মানুষ এটা করতে পারেন। এটা করা একজন মানুষের সৃষ্টির মধ্যে নেই। এটা সেই ঈশ্বর যা যীশু খ্রীষ্ট প্রতিশ্রুতি দিয়েছিলেন যে শেষ সময়ে এখানে থাকবেন এবং নিজেকে প্রকাশ করবেন (ঠিক অব্রাহামের বংশের সামনে) ঠিক যেমন সদোমের সময়ে হয়েছিল।

140 এখন এখানে, আমি ভদ্রমহিলাকে চিনি না, আমরা একে অপরের অপরিচিত, আমি অনুমান করি যে আমাদের জীবনে প্রথমবারের মতো দেখা। আপনি কি আমাকে তাঁর সেবক বলে বিশ্বাস করেন? [মহিলা বলেন, "হ্যাঁ।"—সম্পাদক।] আপনি কি এটিকে বাক্য বলে বিশ্বাস করেন? ["হ্যাঁ।"] আর আপনি সেটা জানেন, যদি এই বাক্যটি এখনও হৃদয়ের চিন্তা ও অভিপ্রায়ের বিচক্ষণকারী হয়। এটা কি সঠিক? ["সেটা ঠিক।"] বাক্য একটি নিরাময়কারী, এছাড়াও, যদি আপনি এটি বিশ্বাস করতে পারেন। আপনি করেন। আপনি একটি অন্ধকার ছায়ায় ছায়াময়। সেটা ক্যান্সার। আর আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর আমাকে বলতে পারেন যে ক্যান্সারটি কোথায়? এটা নীচের অন্ত্রে, তাই ডাক্তার বলেছেন। আপনি কি এখন বিশ্বাস করেন যে আপনি সুস্থ হবেন? ["আমেন।"] যান, আর কোনো সন্দেহ করবেন না, ঈশ্বর আপনাকে ভালো করবেন। আমেন।

141 আপনি বিশ্বাস করেন, সকলে? ঠিক তিনি যা প্রতিশ্রুতি দিয়েছিলেন! ঈশ্বরে বিশ্বাস রাখুন, সন্দেহ করবেন না।

142 আমরা একে অপরের অপরিচিত। আমি আপনাকে চিনি না। যদি আমরা অপরিচিত হই, তাহলে শ্রোতাদের জানাতে দিন, আমরা আমাদের হাত ধরে রাখি। আমি আমার জীবনে এই মহিলাকে দেখিনি।

143 আপনারা কি সেখানে বিশ্বাস করেন? আপনি কি বিশ্বাস করেন এটা যীশু খ্রীষ্ট? এটা কি? এটা তার বাণী। যখন এই লোকেরা এটাকে প্রত্যাখ্যান করে, তারা একজন মানুষকে প্রত্যাখ্যান করে না, তারা বাক্যকে প্রত্যাখ্যান করে। এটা সেই বাক্য যা বাইরে ছিল, ফিরে যেতে পারেনি।

144 এখন, ভদ্রমহিলা আমার কাছে অপরিচিত। আমি তাকে আমার জীবনে কখনো দেখিনি। ঈশ্বর একজন নিরাময়কারী। এটা নিরাময়ের জন্য নাও হতে পারে, অন্য কিছুর জন্য হতে পারে, কিন্তু ঈশ্বর যদি আমাকে বুঝিয়ে দেন আপনার কষ্ট কি, আপনি কি আমাকে বিশ্বাস করবেন? আপনি প্রথম যে বিষয়টির জন্য প্রার্থনা করতে চান তা হল, আপনার কান খারাপ হয়েছে। আপনার একটি কান, আপনি শুনতে পাচ্ছেন না। সেটা ঠিক। সেটা সত্য। আর তারপরে আপনার একটি অভ্যাস রয়েছে, এবং আপনি সেই অভ্যাসটি থেকে মুক্তি পেতে চান, এটি সিগারেট খাওয়া। এবার আপনার ভালো কানে আঙুল দিন, ঠিক আছে, আপনার ভালো কানে। ঠিক আছে। এখন ঈশ্বরকে বিশ্বাস করুন এবং আপনার পথে যান, আর করবেন না...

আর আপনি যদি বিশ্বাস করেন তবে আপনি আর সিগারেট খাবেন না। যান, প্রভু আপনাকে আশীর্বাদ করুন।

আপনারা কি হয়েছে দেখেছেন। তিনি কি বাস্তব নন ?

145 আমি আপনাকে চিনি না, আমরা একে অপরের অপরিচিত। আমি আপনাকে আমার জীবনে দেখিনি, কিন্তু ঈশ্বর আপনাকে জানেন। যদি ঈশ্বর আমাকে আপনার সম্পর্কে কিছু বলতে পারেন, আপনি কি বিশ্বাস করবেন ?

146 সমস্ত দর্শক কি বিশ্বাস করবেন ? মহিলাটিকে কেউ চেনেন ? দর্শকদের মধ্যে কেউ কি মহিলাটিকে চেনেন ? ঠিক আছে, আপনি জানেন যে এটি সত্য কিনা। এটা নিষ্পত্তি করা উচিত। তার সত্য বলা উচিত।

147 এখন আপনি দেখতে পাচ্ছেন গত কয়েক মিনিটে কী ঘটেছে। দেখুন ? এটা শুধু...আমি হতবাক। দেখুন ? এটা ঠিক, সবকিছু আমার কাছে অন্ধ হয়ে যাচ্ছে। দেখুন, এটি বিচক্ষণ। দেখুন, এটি পবিত্র আত্মা। এটা আমি নই। এটি এই সময়ের জন্য প্রতিশ্রুত বাক্য। এটি প্রেরিতদের সময় থেকে কখনও ছিল না, এটি কখনও হয়নি। কিন্তু যেখানে বলা হয়েছে, "মানবপুত্রের আগমনের ঠিক আগে। লোটের সময়ে যেমন হয়েছিল, মানবপুত্রের আগমনেও তেমনই হবে।" অবিশ্বাসীরা এটা বিশ্বাস করেন না। তারা এটা বিশ্বাস করবে বলে আশা করা যায় না। কিন্তু বিশ্বাসীরা এটা বিশ্বাস করেন !

148 এখন, পবিত্র আত্মা যদি এটা প্রকাশ করেন, তাহলে কতজন আপনার সমস্ত হৃদয় দিয়ে বিশ্বাস করবেন, আপনি আপনার হাত উপরে তুলুন ?

149 আপনার কিছু ক্ষতি হয়েছে। আপনার একটি গাড়ি দুর্ঘটনা ঘটেছে, এটা আপনার ঘাড়ের কিছু কশেরুকা টেনে নিয়ে গেছে। আপনার একটি কিডনিও খুলে গেছে। এটা ঠিক, তাই না ? [মহিলা বলেন, "হ্যাঁ, মহাশয়।"—সম্পাদক।] আপনি বিশ্বাস করেন ? ["হ্যাঁ, মহাশয়।"] আপনি ঠিক হয়ে যাবেন। প্রভুর প্রশংসা হউক।

150 আপনি কি বিশ্বাস করেন ঈশ্বর কিডনির সমস্যা নিরাময় করেন ? তাহলে এগিয়ে যান এবং আপনার নিরাময় গ্রহণ করুন।

151 আসুন, ভদ্রমহিলা। এইদিকে দেখুন। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর হৃদয়ের সমস্যা নিরাময় করেন ? ঠিক আছে, আপনার পথে যান এবং বিশ্বাস করুন, এবং আপনার হৃদয় ঠিক হয়ে যাবে।

152 এখানে আসুন। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনার পিঠ সারিয়ে তুলতে পারেন, আপনাকে সুস্থ করতে পারেন ? তাহলে যান এবং বিশ্বাস করুন।

শুধু ঈশ্বরকে বিশ্বাস করুন, আপনাকে এটাই করতে হবে !

153 আসুন, ভদ্রমহিলা। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর পেটের সমস্যা নিরাময় করেন? যান, আপনার রাতের খাবার খান, আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করুন।

154 আসুন। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর বাত নিরাময় করতে পারেন ? তাহলে যান, বিশ্বাস করুন, আর তৈরি করুন...আর ঈশ্বর আপনাকে ভাল করবেন।

155 ঠিক আছে, আসুন। আপনি কি আপনার সম্পূর্ণ হৃদয় দিয়ে বিশ্বাস করেন ? আপনি কি বিশ্বাস করেন ? বাত, আবার। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে ভাল করতে পারেন ? চলে যান, বিশ্বাস করুন, বলুন, "ধন্যবাদ প্রভু।"

সেখানে কতজন বিশ্বাস করেন ? আপনারা কি বিশ্বাস করেন ?

156 এখানে এই মহিলা লাল পোশাক পরে বসে আছেন, তার হাত উপরে তুলেছেন, উচ্চ রক্তচাপে ভুগছেন। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে ভাল করতে পারেন ? আপনি কি করেন ? ঠিক আছে। সেখানে আপনার পাশের মহিলাটির উপর আপনার হাত রাখুন এবং তাকে বলুন তার কণ্ঠস্বর ঠিক হতে যাচ্ছে। আমেন।

সেখানে এটা আছে। আমেন। আপনি কি বিশ্বাস করেন? বিশ্বাস রাখুন !

157 এখানে একজন ব্যক্তি বসে আছেন, শরীরের ভিতরে রক্তক্ষরণ হচ্ছে। আপনি কি বিশ্বাস করেন, মহাশয়, এখানে বসে আছেন? হ্যাঁ, আপনার রক্তক্ষরণ হয়েছে। আপনি বিশ্বাস করেন যে এটি নিরাময় হবে ?

158 আপনার পাশের ভদ্রমহিলাটিরও রক্তক্ষরণ হয়েছে এবং তার পিঠে সমস্যা রয়েছে। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর আপনাকে সুস্থ করবেন ? আপনি করেন ? আপনার হাত উপরে তুলুন আর এটা গ্রহণ করুন। বিশ্বাস করুন।

159 আপনার পাশের এই ভদ্রমহিলাটির পায়ে এবং নিতম্বে সমস্যা রয়েছে। আপনি কি বিশ্বাস করেন যে এটা ঠিক, ভদ্রমহিলা ? আপনি কি বিশ্বাস করেন যে আপনি সুস্থ হয়ে যাবেন ? ঠিক আছে, আপনার হাত উপরে তুলুন, বলুন, "আমি এটা গ্রহন করছি।"

160 ঠিক আছে, তার পাশের মহিলার সংক্রমণ হয়েছে। আপনি কি বিশ্বাস করেন যে ঈশ্বর সংক্রমণ নিরাময় করবেন, চশমা পরা তরুণী ? আপনার হাত উপরে তুলুন, বলুন, “আমি এটা গ্রহন করছি।” ঠিক আছে, বিশ্বাস করুন।

161 তার পাশের ভদ্রমহিলার কিডনির সমস্যা রয়েছে। ভদ্রমহিলা, আপনি কি বিশ্বাস করেন ঈশ্বর কিডনির সমস্যা সারিয়ে দেবেন ? ঠিক আছে, আপনার হাত উপরে তুলুন, এটা গ্রহন করুন।

162 তার পাশের ছোট্ট মেয়েটির গলগন্ড আছে। আপনি বিশ্বাস করেন যে ঈশ্বর সেখানে গলগন্ড নিরাময় করবেন ? আপনার হাত উপরে তুলুন, এটা গ্রহন করুন।

163 অন্তর থেকে কতজন বিশ্বাস করেন ? তাহলে নিজের পায়ে উঠে দাঁড়ান আর এটা গ্রহণ করুন। অব্রাহাম, ইস্‌হাক এবং যাকোবের ঈশ্বরের উপস্থিতিতে উঠে দাঁড়ান।

164 প্রভু যীশু খ্রীষ্টের নামে, পবিত্র আত্মা এখন এই ভবনের উপর নেমে আসুন এবং ঐশ্বরিক উপস্থিতিতে প্রত্যেক ব্যক্তিকে সুস্থ করে তুলুন !

ঈশ্বর স্বয়ং নিজের ব্যাখ্যাকারী BEN64-0205

(God Is His Own Interpreter)

ভাই উইলিয়াম মেরিয়ন ব্রানহামের দ্বারা এই বার্তাটি, ইংরেজী ভাষায় বুধবার সন্ধ্যায়, ৫ই ফেব্রুয়ারি, ১৯৬৪ খ্রিস্টাব্দে, বেকার্সফিল্ড, ক্যালিফোর্নিয়া, মার্কিন যুক্তরাষ্ট্রের কার্ন কাউন্টি ফেয়ারগ্রাউন্ডে, প্রচার করা হয়েছিল, ম্যাগনেটিক টেপ রেকর্ডিং থেকে নিয়ে ইংরেজীতে অসংক্ষেপিত রূপে মুদ্রিত করা হয়েছে। এই বাংলা অনুবাদটি ভয়েস অফ গড রেকর্ডিং দ্বারা মুদ্রিত এবং বিতরণ করা হয়েছে।

BENGALI

©2022 VGR, ALL RIGHTS RESERVED

Voice Of God Recordings, India Office
19 (New No: 28) Shenoy Road, Nungambakkam
Chennai 600 034, India
044 28274560 • 044 28251791
india@vgroffice.org

Voice Of God Recordings
P.O. Box 950, Jeffersonville, Indiana 47131 U.S.A.
www.branham.org

সত্বাধিকার বিজ্ঞপ্তি

সমস্ত অধিকার সংরক্ষিত। যীশু খ্রীষ্টের সুসমাচার বিস্তার করার সাধনী হিসেবে এই বই বাড়িতে মুদ্রিত করা যেতে পারে ব্যক্তিগত ব্যবহারের জন্য অথবা বিনামূল্যে বাইরে বিতরণ করার জন্য। এই পুস্তক ভয়েস অফ গড রেকর্ডিংস®এর লিখিত অনুমতি ছাড়া বিক্রি, প্রচুর মাত্রায় অনুলিপি করা, ওয়েবসাইট এ প্রদর্শন করা, সংরক্ষণ করা যায় এমন প্রণালীতে, অন্য ভাষাগুলিতে অনুবাদ করা, তহবিল এর জন্য আমন্ত্রণ করা যাবে না।

দয়া করে, আরও তথ্যের জন্য বা অন্যান্য উপলব্ধ উপাদানের জন্য যোগাযোগ করুন:

ভয়েস অফ গড রেকর্ডিংস

পোঃ বক্স ৯৫০, জেফারসনভিল্লে,ইন্ডিয়ানা ৪৭১৩১, ইউ.এস.এ.

www.branham.org